হিরণ্যগর্ভ
অষ্টম বর্ষ, তৃতীয় সংখ্যা
২৭শে আশ্বিন, ১৪২২

Hiranyagarbha
Volume 8, No. 3
हिरण्यगर्भ
अष्टम वर्ष, तृतीय संख्या
तारिख-१५अक्टूबर,२०१५

২৭শে আশ্বিন, ১৪২২ | 15th October, 2015

সূচীপত্র a Contents

বাংলা বিভাগ ঃ—	দেবী দুর্গার রাস	শ্রীশ্রীমা সর্বাণী	05
	নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	07
	কৃষ্ণাশীষ ধন্য রাজা নৃগ	শ্রীশ্রীমা সর্বাণী	09
	গীতা ভাবনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	11
	মহামুনি রুচির কথা	শ্রীশ্রীমা সর্বাণী	12
	শ্রীগোপীনাথ কবিরাজের পত্রাবলী	শ্রীগোপীনাথ কবিরাজ	12
	যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে	শ্রীশ্রীমা সর্বাণী	15
	নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা	শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর	16
	যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	17
	হেমকুণ্ডের পথে	শ্রীসৌরভ বসু	18
	গুরুগীতা	যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়	20
	যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব	অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায়	21
	মাতৃ সাধনা যুগে যুগে	শ্রীগৌর গোপাল ঘোষ	22
	মাতৃ সান্নিধ্যে অত্যাশ্চর্য্য অনুভূতির আলোকে	শ্রীমতী রুমা দে	25
	গুপ্তযোগী ভূপতি মহারাজ	শ্রীসজল কান্তি ভট্টাচার্য্য	27
	আধ্যাত্মিক প্রশ্নোত্তরী		28
हिन्दी विभाग ः—	देवी दुर्गा का रास	श्रीविमलानन्द	30
	कृष्णाशीष धन्य राजा नृग	श्रीमती ज्योति पारेख	32
	योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा	श्रीचंद्र पारेख	34
	हेमकुण्ड की ओर	श्रीमती ज्योति पारेख	35
	योग प्रसंग पर उपलब्धित आलोक	श्रीविमलानन्द	37
	गुरुगीता	श्रीश्रीमाँ सर्वाणी	38
	परमब्रह्म के साक्षी	श्रीविमलानन्द	39
	महामुनि रुचि की कथा	श्रीमती ज्योति पारेख	40
	आध्यात्मिक प्रश्नोत्तरी	श्रीमती ज्योति पारेख	41
	उन्मेष	श्रीमती सुशीला सेठिया	42
	नित्यसिद्ध महात्मा के दिव्य दर्शन में – श्रीरामकृष्णलीला	श्रीमती सुशीला सेठिया	43
English Section ः—	The Raasa of Devi Durga	Dr. Partha Pratim Chakrabarti	45
	Gems from the Garland of Letters	Sri Arnab Sarkar	48
	The Philosophy of Truth	Dr. Barun Dutta	50
	Sri Sri Saroj Baba as Spiritual Supremo	Dr. Barun Dutta	51
	My Life With Anirvan	Sri Gautam Dharmapal	52

ISBN No. 978-93-80373-84-3 Cover : Sree Sree Maa Durga

Printed and Published by Dr. Barun Dutta on behalf of Mata Sharbani Trust, Plaza Housing, Vill : Jagannathpur (Shibrampur), P.O. : Ashuti, Pin : 700141, 24 Parganas (South), West Bengal, India. Tel : (033) 2488-1826, website : www.akhanda-mahapeeth.org, Email : akhanda.mahapeeth@gmail.com. Printed at : Rama Art Press, 6/30, Dum Dum Road, Kolkata-700 030, Tel : 2557-4419

Editor : Shri Arnab Sarkar • Associate Editors : Smt. Keya Chakraborty and Shri Mohit Shukla

সম্পাদকীয় / Editorial

বজ্রগর্ভ কালো মেঘের নিত্য আস্ফালনের মাঝে হঠাৎ করে ঝিলিক দিয়ে উঠছে সোনালী আলোর উদ্ভাস। গ্রাম বাংলার নদীর চরে বাতাসে হিল্লোলিত কাশগুচ্ছ আর শরতের ভোরের শিশিরের আলস্য মাখা হাল্‌কা বাতাসে টুপ-টাপ্ ঝরে পড়া শিউলি ফুল স্মরণ করিয়ে দেয় আনন্দময়ী মহামায়ার শ্রীচরণের নিক্কণ-ধ্বনি। সনাতন ধর্মের নবজাগরণ ও পরিপুষ্টি, সর্বধর্ম সমন্বয় ও মানব কল্যাণ — এই ত্রিমাত্রিক উদ্দেশ্যে মাতৃ-আরাধনার যে সূচনা হয়েছিল আমাদের শ্রীশ্রীমায়ের সংকল্পে, সেই পুণ্যধারা এবার চতুর্বিংশতি বছরে পদার্পণ করল। শ্রীশ্রীগুরুমহারাজগণের কৃপায় আমাদের মন আপ্লুত হোক আদ্যাশক্তিকে বরণের দিব্য আনন্দে — এই প্রার্থনা করি।

আদ্যাশক্তি সনাতনী, নিত্যা। তাঁর রূপ বহুধা। তিনি একাধারে অবাঙ্‌মানসগোচর পরমব্রহ্মের চিতিশক্তি-স্বরূপিণী যোগমায়া, কখনও সৃষ্টিস্পন্দনমণ্ডিতা কুমারী মাতা, আবার সৃষ্টি প্রকরণের আদিতে ত্রিদেব-বন্দিতা মহামায়া। তিনি সৃষ্টি-স্থিতি-প্রলয় কর্ত্রী, তিনি তমোময়ী নিয়তি — আবার তিনি বন্ধন ও মোক্ষের কারণস্বরূপা।

হিরণ্যগর্ভের এই শারদ সংখ্যাটিতে শ্রীশ্রীমা বিধৃত করেছেন "মহাশিবা" দেবীর নিত্য রাস লীলা। ব্রহ্মাণ্ডের স্থিতিকারণে শ্রীরাধিকাশক্তি-স্বরূপিণী, জগদ্ধাত্রী দেবী ভগবতী দুর্গা, তৎ-সমুদ্ভবা অষ্টনায়িকা ও চৌষট্টি যোগিনীকোটী পরিবৃতা হয়ে, কোটিচন্দ্রতপনপ্রভাময় উদ্ভাসিত রূপে প্রণব নাদ-ছন্দে কূটস্থের চিদাকাশ মণ্ডলে নিত্য রাসরতা।

সনাতন ধর্মের এই সঙ্কটময় মুহূর্তে অসুর বিনাশিনী, দুর্গতিহারিণী, পরম মমতাময়ী মহাশক্তির মঙ্গলময় বরাভয় শঙ্খ-নির্ঘোষ আমাদের মনে বল সঞ্চার করুক, সর্ব ভয় দূরীভূত করুক ও আধ্যাত্মিক যাত্রাপথে আমাদের প্রবুদ্ধ করুক — আদ্যাশক্তি-স্বরূপিণী শ্রীশ্রীমায়ের চরণকমলে ইহাই আমাদের ভক্তি-বিনম্র প্রার্থনা।

As the plumes of kash flower sway their heads in the gentle breeze along the river banks of rural Bengal and new blossoms of shiuli get coated with droplets of morning dew and descend down to earth, streaks of golden sunlight try to break through overcast skies to remind us that the auspicious days to herald the advent of Mother Durga has arrived. The nature rhythms with joy as the divine jingle of Her anklets subtly reverberates in the nature.

Our Puja which was initiated by Sree Sree Maa with the threefold objective of resurrection and patronization of sanatan dharma, harmonization amongst all religions and general welfare of people, has attained twenty fourth year this time. We seek the blessings of our Guru Maharajas on this auspicious occasion so that we can celebrate the Puja with befitting piety and devotion.

Devi Durga, Mother Supreme, is the primordial force behind this universe – everything visible or invisible, perceptible or imperceptible. She exists as Devi Yogmaya, the unified consciousness of the Supreme Lord, while in Her manifested form at the dawn of creation, She is the Mother Goddess revered by the Holy Trinity. She is the supreme power which governs our bondage and emancipation. In this Navaratri edition of Hiranyagarbha, Sree Sree Maa has extolled the Nitya Raas Leela of the Supreme Goddess where She manifests Herself, in the third eye (kutastha) of saints, as the central divinity surrounded by figurines of Astanayikas and Yoginis, Her sub-forms, each representing one of Her divine traits, dancing amidst reverberations of Omkar.

On the auspicious occasion of Navaratri, we offer our humble obeisance to the Lotus Feet of Sree Sree Maa and implore her to instill courage, confidence and piety in our hearts to propel us towards the arduous journey of spirituality and self-realization in this turbulent time.

দেবী দুর্গার রাস

শ্রীশ্রীমা সর্বাণী

পরাসম্বিতময় ভগবান শ্রীকৃষ্ণ যেমন নিত্যলোক উদ্ভাসিত করিয়া সেটির স্থিতিকরণে নিত্য রাসরত, তেমন পরাসম্বিতময়ী শ্রীরাধাশক্তি স্বরূপিণী জগদ্ধাত্রী উগ্রললিতা আদিনাথ শিবের শক্তিরূপে দেবী ভগবতী দুর্গার স্বরূপে এই বিশ্বব্রহ্মাণ্ডের স্থিতিকরণে নিত্যরাসরতা। আদিশক্তিময়ী দেবী দুর্গা শিবস্বরূপিণী অর্থাৎ তিনি শিবব্রহ্মের অমিত পূর্ণশক্তি রূপিণী; তিনি কোন নারী বা পুরুষ-ভাবধারী সত্তা নন; তিনি পরমব্রহ্ম পুরুষের চিতি মহাশক্তি স্বরূপিণী। প্রকাশময় ব্রহ্মের তত্ত্বগতভাবে ইনি রূপ পরিগ্রহণ করেন। এই সৃষ্টির আদিতে মহাদেবই এঁনাকে সর্বপ্রথম স্ত্রীরূপে প্রাপ্ত হন, তাই এঁনার অন্য নাম 'মহাদেবী'। শিবের শক্তিরূপে দেবীর চরিত্র দ্বিবিধ। একদিকে তিনি যেমন বিনম্র ও স্নিগ্ধ কোমল স্বভাবা, অন্যদিকে তিনি প্রখরা ও উগ্ররূপা। তাঁর এই উগ্র ও প্রখরা ভাবের জন্যেই দেবী অধিক পূজিতা হন। নানা প্রকার কর্ম, নানাবিধ গুণ ও বিভিন্ন রূপের জন্যে দেবী বিভিন্ন নামে পরিচিতা। নম্র, স্নিগ্ধ, মাধুর্য্যমণ্ডিত ভাবের জন্যে দেবীর নাম — উমা, গৌরী, পার্বতী, হৈমবতী, জগন্মাতা ও ভবানী। প্রখর উগ্রমূর্তির জন্যে এঁনার নাম — কালী, শ্যামা, চণ্ডী, চণ্ডিকা ও ভৈরবী।

শ্রীশ্রীচণ্ডীতে আমরা দেবীকে বহুধারূপে দেখিতে পাই। চণ্ডীতে দেবীর বিভিন্নরূপে বিভিন্ন অসুরদের সহিত যুদ্ধে জয়লাভের কথা বর্ণিত আছে। যথা — দুর্গা, দশভূজা, সিংহবাহিনী, মহিষমর্দ্দিণী, জগদ্ধাত্রী, কালী, কালরাত্রি, মুক্তকেশী, তারা, ছিন্নমস্তা, মাতঙ্গী ও জগদ্‌গৌরী। নিজ স্বামী হইতেও দেবী বহু নাম প্রাপ্ত হইয়াছেন। যথা — ভগবতী, ঈশানী, ঈশ্বরী, কপালিনী, কৌশিকী, কিরাতী, মহেশ্বরী, রুদ্রাণী, সর্বাণী, শিবা, ত্র্যম্বকী, পরমেশ্বরী ইত্যাদি। দেবীর জন্ম ও গুণসূচক নাম — অদ্রিজা, গিরিজা, দক্ষজা, কন্যা, কন্যাকুমারী, সতী, অনন্তা, আর্যা, বিজয়া, অপরাজিতা, ঋদ্ধি, ভ্রামরী, কর্ণমোতি, শিবদূতী, দক্ষিণা, সর্বমঙ্গলা, সিংহরথী, অম্বিকা ইত্যাদি। নানারূপ তপস্যায় রতা বলে দেবীকে অপর্ণা, কাত্যায়নী বলা হয়। ভীষণামূর্তির জন্যে দেবী ভদ্রকালী, ভীমাদেবী, চামুণ্ডা, মহাকালী, মহামারী, মহাসুরী ও রক্তদন্তী বলিয়া অভিহিতা হন।

এই ব্রহ্মাণ্ডের সৃষ্টি-স্থিতি-সংহারের ক্ষেত্রে রসময়ী দেবী দুর্গা ভগবতীর যে নিত্যরাস লীলা সংঘটিত হইয়া চলিয়াছে সেই নিত্যরাসলীলায় 'দেবী' হইতে সমুদ্ভূতা অষ্টশক্তিরূপিণী অষ্টনায়িকাগণ হইলেন দেবীর অষ্টসখী স্বরূপিণী। এই অষ্টনায়িকা শক্তির কায়ব্যূহের কেন্দ্ররূপে 'দুর্গাদেবী' অবস্থান করেন। ওই অষ্টশক্তি স্বরূপিণীর নাম যথাক্রমে উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, চণ্ডা, চণ্ডবতী, চণ্ডরূপা ও অতিচণ্ডিকা। পঞ্চভৌতিক জগতে দেবী দুর্গা ঐ সকল অষ্টশক্তির মাধ্যমে কর্মরতা হন বলিয়া তাঁহার নাম হয় 'ভূতনায়কী' বা 'গণনায়কী'। অতএব দেবী দুর্গা হইলেন রাস-মণ্ডলের মধ্যমণি 'রাসমণি'। ভগবতী দুর্গাদেবীর মহারাস মণ্ডলে অষ্টনায়িকাগণের প্রত্যেক নায়িকার আবার আটটি করিয়া উপনায়িকা রহিয়াছেন; সেই সব নায়িকা-উপনায়িকাগণের সমাহারে মহাদেবীর রাসমণ্ডল চৌষট্টি যোগিনীকোটী দ্বারা পরিবৃত থাকে। সেই সকল চৌষট্টি যোগিনীকোটী এই ব্রহ্মাণ্ডের চৌষট্টি প্রকার মহত্তত্ত্বের ধারক ও বাহকরূপে পরিগণিতা। এই সকল চৌষট্টি যোগিনীগণের নাম যথাক্রমে — (১) ব্রহ্মাণী (২) চণ্ডিকা (৩) রৌদ্রী (৪) গৌরী (৫) ইন্দ্রাণী (৬) কুমারী (৭) ভৈরবী (৮) দুর্গা (৯) নারসিংহী (১০) কালিকা (১১) চামুণ্ডা (১২) শিবদূতী (১৩) বারাহী (১৪) কৌশিকী (১৫) মাহেশ্বরী (১৬) শঙ্করী (১৭) জয়ন্তী (১৮) সর্ব্বমঙ্গলা (১৯) কালী (২০) করালী (২১) মেধা (২২) শিবা (২৩) শাকম্ভরী (২৪) ভীমা (২৫) শান্তা (২৬) ভ্রামরী (২৭) রুদ্রাণী (২৮) অম্বিকা

(২৯) ক্ষমা (৩০) ধাত্রী (৩১) স্বহা (৩২) স্বধা (৩৩) অপর্ণা (৩৪) মহোদী (৩৫) ঘোররূপা (৩৬) মহাকালী (৩৭) ভদ্রকালী (৩৮) কপালিনী (৩৯) ক্ষেমঙ্করী (৪০) উগ্রচণ্ডা (৪১) চণ্ডোগ্রা (৪২) চণ্ডনায়িকা (৪৩) চণ্ডা (৪৪) চণ্ডবতী (৪৫) চণ্ডরূপা (৪৬) মহামোহা (৪৭) প্রিয়ঙ্করী (৪৮) বলবিকিরণী (৪৯) বলপ্রমথনী (৫০) মদনোন্মথনী (৫১) সর্বভূতদমনী (৫২) উমা (৫৩) তারা (৫৪) মহানিদ্রা (৫৫) বিজয়া (৫৬) জয়া (৫৭) শৈলপুত্রী (৫৮) অতিচণ্ডিকা (৫৯) চণ্ডঘন্টা (৬০) কুষ্মাণ্ডা (৬১) স্কন্দমাতা (৬২) কাত্যায়নী (৬৩) কালরাত্রি (৬৪) মহাগৌরী। এই চৌষট্টি তত্ত্বে শক্তিরূপে নির্গুণা হইয়া দেবী নিত্যরাসরতা। সৃষ্টির নির্মলতার প্রয়োজনে সৃষ্টির উল্লাসে দেবী তাঁহার রাস মণ্ডলে হৃদয়পদ্মের অনন্তকোষে কোটি কোটি যোগিনীগণ দ্বারা পরিবৃতা রহেন। আবার অসুরশক্তি বিনাশার্থ দেবী দক্ষযজ্ঞ বিনাশিনী সতের ইচ্ছারূপিণী 'সতী' রূপে মহাঘোরা রূপ পরিগ্রহ করিয়া যোগিনী কোটি পরিবৃতা হইয়া অসুরশক্তিকে সংহার পূর্বক অধর্মের বিনাশ সাধন করেন। তাই পূজার মন্ত্রে আমরা দেখিতে পাই 'দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটি পরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ দুর্গাদেব্যৈ নমঃ।' মহারাস মণ্ডলে দেবী দুর্গা সচল শিবস্বরূপা 'মহাশিবা'। তাই দেবীর ধ্যান মন্ত্রে পাওয়া যায় — ''ওঁ জটাজুট সমাযুক্তামর্দ্ধেন্দুকৃত শেখরাং।''

দেবীভাগবতের ৫ম স্কন্ধের ৮ম অধ্যায়ে ব্যাসদেব রাজা জনমেজয়কে মহামায়ার স্বরূপ এই প্রকারে ব্যক্ত করিয়াছেন—

'যথা নটো রঙ্গগতো নানারূপো ভগত্যসৌ।
একরূপো স্বভাবোহপি লোকরঞ্জন হেতবে।। ৫৮
তথৈষা দেবকার্য্যার্থমরূপাপি স্বলীলয়া।
করোতি বহুরূপাণি নির্গুণা সগুণানি চ ।।' ৫৯

—অর্থাৎ, নটের রূপ এক হইলেও যেমন লোকরঞ্জনের নিমিত্ত রঙ্গস্থলে নানারূপে দর্শন দেয়, সেইরূপ এই নির্গুণা দেবী নিরাকারা হইয়াও দেবতাদিগের কার্য্য সম্পাদনের নিমিত্ত স্বীয় লীলায় সত্ত্বাদিগুণ সমন্বিত নানাবিধ রূপ ধারণ করিয়া থাকেন।

এই নাদাত্মক মহাশক্তির দ্বারা পরমেশ্বর সৃষ্টি সংহারাদি ও জন্মলীলাদি কার্য্য করিয়া থাকেন। জীবের বন্ধন ও মুক্তি দেবী দুর্গারূপী মহামায়াই সম্পন্ন করেন। জীবাত্মারূপী সকল ঘটে, সকল সত্তায়, আসুরিক বৃত্তিনিচয়কে দমন করিতে এই পরমাছন্দা ঋতস্পন্দা কাম্পিল্যবাসিনী দেবীকা অম্বিকা শক্তি অপরিহার্য্যা। মোক্ষমার্গে চলিতে চলিতে তন্ময় সাধকযোগী অসম্প্রজ্ঞাত যোগে উপনীত হইয়া সম্বোধিতে যখন সৃষ্টিতত্ত্বের মহাজ্ঞান অর্জন করেন, তখন ভগবতী দেবী যোগীকে তাঁহার রাসরঙ্গলীলা প্রদর্শন করেন কূটস্থের চিদাকাশ মণ্ডলে। মহাদেবীর এই রাস উপলব্ধি করিয়াই আদি শংকরাচার্য্য লিখিয়াছেন —

'মধু মধুরে মধুকৈটভ-গঞ্জিনি কৈটভভঞ্জিনি রাসরতে
জয় জয় হে মহিষাসুর মর্দ্দিনি রম্যকপর্দ্দিনি শৈলসুতে।।'
—ভগবতী পুষ্পাঞ্জলি স্তোত্রম্, শ্লোক -৩

স্বানুভূতির দৃষ্টিতে :— প্রখর উজ্জ্বল উদিত সূর্য্যের জ্যোতির্ময় আকাশ-মণ্ডলে চক্রাকারে ব্যুহসদৃশ মণ্ডলাকার রচনাকরতঃ জ্যোতির্ময়ী দিগম্বরা দেবীগণ পরাসম্বিতের ছন্দে হস্তে তরোয়াল সদৃশ অস্ত্রধারণ করিয়া নৃত্যরতা! সেই অখণ্ডমণ্ডলাকার রাস-রঙ্গমঞ্চের মধ্যমণি দেবীর অঙ্গকান্তি যেন কোটিচন্দ্রতপন প্রভা উছলি উঠিল তনুতে। তিনি হিরণ্যবর্ণা; তাঁহার লোহিতাভা সম্পন্ন চক্ষুদ্বয়; ছন্দে ছন্দে প্রণবের গম্ভীর নাদ দিকদিগন্ত ব্যাপিয়া ছড়াইয়া পড়িতেছিল। তখন বোধ হইল —

''উল্লাস হরষে সম্বিত পরশে
রাস রঙ্গে মাতি অয়ি দুর্গে!
হর শঙ্কর শিবা শিবেরও মনসিজা
অষ্টনায়িকা দলে পরিবৃতা অয়ি প্রখর ললিতে—।।
রাস রসময়ী শিবপাশে শিবাণী
ডিমি ডিমি ডম্ ডম্ ধ্বনিল ডমরুধ্বনি
কালছন্দময়ী চৌষট্টি যোগিনী
রাসরঙ্গে মাতি নৃত্যরতে।।
প্রবৃত্তি-নিবৃতি গতি সমতায় সম্বোধিনী
নিত্যরাস উৎকর্ষিণী —
হে দুর্গে নমোহস্তুতে।।''

দেবীদুর্গা শক্তির উৎসকেন্দ্র হৃদয়পদ্মে। হৃদয়পদ্মের কর্ণিকামধ্যে একশত প্রধান নাড়ীর উৎসস্থল রহিয়াছে। এই

সকল নাড়ী প্রণবের চিন্ময় সম্বিৎরশ্মি। ইহারা প্রণবেশ্বরী চিৎময়ী দেবীশক্তিতে পরিপুষ্ট থাকেন। এইগুলির একটি ধারা বিষ্ণুনাভিতে পতিত হইয়া নিম্নে শাক্ত সহস্রারে গ্রথিত হইয়াছে। আর অন্য ধারাটি হৃদয় হইতে ঊর্ধগামী স্রোত অবলম্বন করত উপরে সহস্রার পদ্মের মধ্য মণ্ডল বা শ্রীগুরু চক্রে গ্রথিত হইয়াছে। এই সকল চিন্ময় সম্বিৎরশ্মির মধ্যে অক্ষরবীজরূপা বর্ণমণ্ডলী সন্নিবেশিত থাকে। ঐ প্রণবময় চিন্ময় সম্বিৎরশ্মি অক্ষরবীজ সমন্বয়ে এই মহাবিশ্ব-ব্রহ্মাণ্ডকে সমুদ্ভূত করিয়াছে এবং ইহারাই সৃষ্টির বীজাত্মক মহত্তত্ত্ব বা প্রকৃতিতত্ত্বরূপে স্ফুরিত হইয়াছে। ঐ প্রত্যেকটি অক্ষরবীজের মধ্যে সৎ-চিৎরূপী প্রণবধ্বনি স্বরূপ শব্দ ও জ্যোতি, শিব ও শক্তি বিরাজিত আছেন। সহস্রার কেন্দ্রে শ্রীগুরুচক্র মণ্ডলের মধ্যে মধ্যস্থানে দ্বিচতুষ্কোণ ক্ষেত্র একে অন্যের উপর এমনভাবে অবস্থান করে যে অষ্টকোণ সৃষ্টি হয়। অষ্টকোণ বিন্দুতে মহত্তত্ত্বের অষ্টপ্রকৃতি অবস্থান করে। এই অষ্টকোণের ত্রিকোণ বিন্দুতে ইচ্ছা-জ্ঞানা ও ক্রিয়া শক্তির অধিষ্ঠান এবং এই ত্রিকোণের কেন্দ্রবিন্দুতেই জগদম্বিকা বা অম্বিকারূপী দুর্গাশক্তির অধিষ্ঠান। সহস্রার মহাপদ্মবনেই দেবীর রাসমণ্ডল উদ্ভাসিত হয়। এই রাসমণ্ডলের মূল রাশটি ধরা থাকে হৃদয়পদ্মে দুর্গাশক্তির প্রকট স্থলে। যা কিছু পরাসম্বিৎময় চিন্ময়, সেগুলি কালগণ্ডীতে মায়ারাজ্যে যখন প্রবিষ্ট হয় তখনও উহা চিন্ময়ই থাকে অর্থাৎ ইহাদের পরিণাম নাই, ইহারা নিত্যরূপেই অবস্থান করে। তাই দেবীদুর্গার রাসও সর্বাবস্থায় নিত্য-চিন্ময়।

— হরি ওঁ তৎ সৎ —

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

একবিংশপর্য্যায় — (.....দ্যাবাপৃথিবী)

ইন্দ্র, বিশ্বকর্মা, ত্বষ্টা প্রভৃতি দেবতাকেও ঋগ্বেদের বিভিন্ন মন্ত্রে দ্যাবাপৃথিবীর সন্তান বলে অভিহিত করা হয়েছে। পরমপুরুষ থেকেই বেদাদি শাস্ত্র তথা অন্যান্য প্রাণীদের উৎপত্তির কথা পুরুষসূক্তে (ঋগ্বেদ ১০/৯০) পাওয়া যায়। সেই সৃষ্টিরহস্য বিষয়ক সূক্তেই পাই - পরম পুরুষের মস্তক থেকে দ্যৌ এবং দুটি পা থেকে পৃথিবী উৎপন্না হয়েছিলেন। —

'নাভ্যা আসীদন্তরিক্ষং শীর্ষ্ণো দ্যৌঃ সমবর্তত।
পদ্ভ্যাং ভূমির্দিশ শ্রোত্রাস্তথা লোকাঁ অকল্পয়ন্।।'

(১০/৯০/১৪)

দ্যাবাপৃথিবীকে সেচন সমর্থ বৃষ এবং নানা বর্ণযুক্তা ধেনুর সঙ্গে তুলনা করেছেন দীর্ঘতমা ঋষি। রেতঃসেক, বৃষ্টিপাত সব কিছুকেই বৃষের সেচনের সঙ্গে ঋগ্বেদে তুলনা করা হয়েছে। বৃষ আর গাভী দুয়ে মিলে মিথুন হয়। দ্যৌ আর পৃথিবীও মিথুন। এই গাভী আবার নানা বর্ণা, কারণ পৃথিবীর জীবদের বৈচিত্র্যময় রূপ—

'স বহ্নিঃ পুত্রঃ পিত্রোঃ পবিত্রবান্
পুনাতি ধীরো ভুবনানি মায়য়া।
ধেনুঞ্চ পৃশ্নিং বৃষভং সুরেতসং
বিশ্বাহা শুক্রং পয়ো অস্য দুক্ষত।।'

(ঋক্ সং ১/১৫০/৩)

দ্যাবাপৃথিবী শুধু বিস্তৃতাই নয়, যজ্ঞের বর্ধকও বটে। জীবসৃষ্টির লীলা এদের মাঝখানেই। যেহেতু তারা পিতামাতা তাই তাঁর সন্তানদের সমস্ত প্রকার পাপ থেকে মুক্তিদান করে থাকেন। গৃহ, ধন, পুত্র, অন্ন ইত্যাদি দান করেন। লোকেদের রোগনাশের জন্য ঔষধও সৃষ্টি করেন। ঋগ্বেদের যুগে একটি আখ্যান প্রচলিত ছিল — উৎপত্তির সময় দ্যাবাপৃথিবী চাকার মত ঘুরত, পরবর্তীকালে ইন্দ্র তাদের সুস্থির করেছিলেন। গৃৎসমদ ঋষির দ্বারা দৃষ্ট ইন্দ্র সূক্তে পাই - যিনি ব্যথিত পৃথিবীকে দৃঢ় করেছেন, যিনি প্রকুপিত পর্বতদের নিয়মিত করেছেন, যিনি বিশাল অন্তরিক্ষ নির্মাণ করেছেন যিনি দ্যুলোককে স্তম্ভিত করেছেন তিনিই ইন্দ্র (২/১২/২)। হিরণ্যগর্ভ ঋষি আবার হিরণ্যগর্ভকে এই কাজের জনক বলে মনে করেছেন (১০/১২১/৯)।

কোন কোন পণ্ডিত মনে করেছেন দ্যৌ এবং ইন্দ্র একই দেবতা। প্রাচীনকালে দ্যৌ এর প্রাধান্য ছিল কিন্তু কালক্রমে নতুন দেবতা ইন্দ্র সেই স্থান অধিকার করেন। অধ্যাপক বেনফি (Benfey) এই মত স্বীকার করেন। যে সব দেবতা বেদে প্রাধান্যলাভ করতে না পেরে হারিয়ে গেছেন বা অন্য দেবতার মধ্যে মিলিয়ে গেছেন তাঁদের অন্যতম দ্যৌ। ইন্দ্র এবং পর্যন্যের কিছু গুণকর্ম ছাড়া দ্যৌকে আর পাওয়া যায় না। এই কারণে দ্যাবাপৃথিবী সকলের জনক-জননী হলেও সূক্তসংখ্যার

দিক থেকে তাঁরা নগণ্য।

অনেকে দ্যাবাপৃথিবীকে সূর্য্যাগ্নির রূপকমাত্র মনে করেছেন। দ্যৌ সূর্যের অসীম শক্তির প্রকাশ আর পৃথিবী হলেন মাতৃরূপা যজ্ঞাগ্নির আধার। দূর দেশে অবস্থিতা দ্যাবাপৃথিবীর মিলন কিভাবে হবে? তাদের আদৌ মিলন ঘটবে কি? এই ব্যাপারে অনির্বাণ একরকম ব্যাখ্যা দিয়েছেন যা আমরা স্মরণ করছি — তাঁর মতে জ্যোতির উপাসক আর্যরা পৃথিবীতে স্থিত অগ্নিকে অবলম্বন করে যেমন দ্যুলোকে উত্তরণ করতে চেয়েছিলেন তেমনি দ্যুলোক থেকে ভূলোকে অবতরণের কথাও বলেছেন। অতএব পতিপত্নীর মত তাদের নিত্য সম্পর্ক। তাই তাদের মিলনের ব্যাপারে সন্দেহের কোন অবকাশ নেই।

গবেষকেরা লক্ষ্য করেছেন উপনিষদ্ সাহিত্যে যুগ্মদেবতা হিসাবে দ্যাবাপৃথিবীর উল্লেখ নেই। পৃথিবীকে বিত্তপূর্ণ ও জীবধাত্রী হিসাবে দেখান হয়েছে। পৃথিবী অগ্নিগর্ভা এবং জল থেকে পৃথিবীর উৎপত্তির কথা পাই। অথর্ববেদের ভূমিসূক্তে এবং পুরাণের আখ্যানেও আমরা এই ঘটনা পাই। মুণ্ডক উপনিষদে পৃথিবী বিশ্বের ধারণকর্ত্রী 'পৃথিবী বিশ্বস্য ধারিণী' (২/১/৩)। এই পৃথিবীই আবার মানুষের অন্তিম নিবাস।

ব্রাহ্মণ সাহিত্যে কিন্তু আদি পিতামাতা হিসাবেই দ্যাবাপৃথিবী বর্তমান ছিলেন। একটি ঋক্‌মন্ত্রে পাই — দ্যাবাপৃথিবী অগ্নি দেবতার মতই যজ্ঞের হবি স্বর্গলোকে বহন করে নিয়ে যান। দেবতাদের সোমপানের জন্য তাঁরা যজ্ঞবেদীতেও নিয়ে আসেন —

'দ্যাবা নঃ পৃথিবী সমং সিধ্রমদ্য দিবিস্পৃশম্।
যজ্ঞং দেবেষুযচ্ছতাম্।।
আ বামুপস্থ মদূহা দেবাঃ সীদন্তু যজ্ঞিয়াঃ।
ইহাদ্য সোমপীতয়ে।।'

(ঋক্ সং ২/৪১/২০-২১)

আদি দেবদেবী হিসাবে এনাদেরকথা ঐতরেয় আরণ্যকে পাই (৩/২/১) দ্যাবাপৃথিবীর মিলনের ফলেই বৃষ্টি হয়।

এবার আমরা একটু সূত্রসাহিত্যের দিকে তাকিয়ে দেখি, সেখানে এনাদের সম্পর্কে কি পাওয়া যায়। শ্রৌতসূত্রে এনারা যুগ্মদেবতা। অগ্নিহোত্র যাগ করার সময় জ্বাল দিতে গিয়ে যদি দুধ পড়ে যায় তবে পলাশপাতায় তা সংগ্রহ করে দ্যাবাপৃথিবীকে আহুতির বিধান আছে মানব শ্রৌতসূত্রে (৩/২/৭)। আপস্তম্ব শ্রৌতসূত্রে (১/১৭/১৯) পুরোডাশ প্রকরণে দ্যাবাপৃথিবীর উদ্দেশ্যে 'দ্যাবাপৃথিবীভ্যাং স্বাহা' মন্ত্রে আহূতির কথা আছে। পশুযাগেও যজ্ঞীয়স্তম্ভ উত্তোলনের সময় দ্যাবাপৃথিবীর কথা পাওয়া যায়। আগ্রায়ণ যাগেও দ্যাবাপৃথিবীর কথা আছে।

যাস্কের নিরুক্তে দ্যাবাপৃথিবী সংক্রান্ত কি তথ্য পাওয়া যায় তা একটু পরিক্রমা করা যেতে পারে। নিরুক্তের ৪/২৫/১০ সূত্রে বলা হয়েছে 'বিযুতে দ্যাবাপৃথিব্যৌ বিয়বনাৎ'। বি-অমিশ্রণার্থক যু ধাতু থেকে বিযুত শব্দটি গঠিত। এটি দ্যাবাপৃথিবী বাচক, দ্যুলোক ও পৃথিবীলোক পরস্পর বিশেষরূপে পৃথক্ হয়েই থাকে - কখনো মেলে না। তাদের মধ্যে চিরকাল অনন্ত ব্যবধান। দ্যাবাপৃথিবী রোদসী নামেও পরিচিতা। রবীন্দ্র সাহিত্যে এই অর্থে ভুল করে ক্রন্দসী শব্দ ব্যবহৃত হয়েছে। যাস্ক ৬/১/১৫ সূত্রে বলেছেন এরা রোদসী কারণ সমস্ত পদার্থকে রুদ্ধ করে থাকে। স্থাবর জঙ্গম যে কোন পদার্থই হোক না কেন তা দ্যাবাপৃথিবীরই অন্তর্গত —'ইমে চিদিন্দ্র রোদসী রোধসী দ্যাবাপৃথিব্যৌ বিরোধনাৎ'। দ্যাবাপৃথিবী দিনরাত্রি বা অহোরাত্র কিংবা অরণি মন্থনকে বোঝায় (নি. ৮/১৫/৩)। দ্যাবাপৃথিবীর সেই স্বরূপ এতটাই স্পষ্ট যে যাস্ককে সেজন্য অনেক ব্যাখ্যায় অগ্রসর হতে হয় নি।

জগৎ পিতামাতার সংযুক্তরূপের ধারা দ্যাবাপৃথিবী ভাবনার মধ্যে আছে। শিবলিঙ্গ সাধনার মধ্যে হয়তো সেই ধারার প্রকরণ লক্ষিত হয়। লিঙ্গ সম্পর্কে বলা হয় — আকাশ হল লিঙ্গ এবং পৃথিবী হল পীঠিকা। পীঠিকা বা যোণিপীঠে দেবীর পূজা হয় আর শিবলিঙ্গে আকাশ মূর্তির পূজা হয়। এই লিঙ্গমূর্তি সৃষ্টিরহস্যের প্রতীক। লিঙ্গেতেই বিশ্বের সবকিছুর তথা দেবতাদেরও লয় ঘটে বলে এর নাম লিঙ্গ।

'আকাশঃ তস্য লিঙ্গাহুঃ পৃথিবী তস্য পীঠিকা।
আলয়ঃ সর্বদেবানাং লয়নাৎ লিঙ্গমুচ্যতে।।'

কিভাবে দ্যাবাপৃথিবী ভাবনা লিঙ্গভাবনার মধ্যে মিলিত হল তা আমরা পরবর্তী কোন সংখ্যায় শিবলিঙ্গের আলোচনার সময় উপস্থাপিত করব।

...ক্রমশঃ

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

কৃষ্ণাশীষ ধন্য রাজা নৃগ

শ্রীশ্রীমা সর্বাণী

শ্রীভগবান কৃষ্ণের আশীষে সকল কষ্ট দুরীভূত হয়। এই প্রসঙ্গে রাজা নৃগের কাহিনী এস্থলে উদ্ধৃত করা হইল।

রামায়ণে আছে, ইক্ষ্বাকু বংশীয়, নরপতি ওঘবানের তনয় ওঘরথ, ওঘরথের তনয় হইল নৃগ। রাজা নৃগ অতিশয় দাতা ছিলেন। তিনি একবার পুষ্কর তীর্থে এককোটি গো দান করেন। সেই সময়ে রাজা নৃগ ভ্রমবশতঃ স্বীয় গাভীর সহিত এক ব্রাহ্মণের গাভীও দান করিয়া ফেলেন। সেই গাভীর স্বামী-ব্রাহ্মণ অন্য এক ব্রাহ্মণ গৃহে তাঁহার গাভীকে দেখিতে পাইয়া তাহার কারণ জিজ্ঞাসা করেন। গো-রক্ষক ব্রাহ্মণ রাজা নৃগের নিকট দান প্রাপ্ত হইয়াছেন বলাতে তখন উভয়ে রাজা নৃগের সদনে গমন করিলেন। কিন্তু রাজদ্বারে বহুদিন অপেক্ষা করিয়াও যখন প্রবেশের অনুমতি পাইলেন না তখন উভয়ে রাজাকে নীরবে অভিশম্পাত করিলেন যে 'রাজা অচিরে কৃকলাশ হইয়া সর্বভূতের অদৃশ্য হইবেন এবং পরে শ্রীকৃষ্ণের কৃপায় অভিশাপ মুক্ত হইবেন।' এই পাপে রাজা নৃগ পরবর্তী জন্মে কৃকলাশ হইয়া জন্মগ্রহণ করেন।

ভাগবতে আছে, দ্বারকায় একদিন শ্রীকৃষ্ণ পুত্র সাম্ব, প্রদ্যুম্ন, চারু, ভানু ও গদ প্রভৃতি যদুকুমারগণ বিহারার্থ উপবনে গিয়াছিলেন। তাঁরা সেই উপবনে দীর্ঘকাল ক্রীড়া করিলে পরে পিপাসায় কাতর হইলেন এবং জলের খোঁজ করিতে করিতে একটি জলশূন্য কূপ মধ্যে একটি পাহাড় প্রমাণ অদ্ভুত কৃকলাশ (গিরগিটি) দেখিতে পাইয়া অতীব বিস্মিত হন। সেই উপবন মধ্যস্থ কূপে এই মহাকায় জীবটি বহুকাল হইতে থাকায় তাহার প্রসিদ্ধি হওয়া উচিত ছিল কিন্তু সেই কূপটি অতি প্রাচীন এবং জলশূন্য হওয়ায় সর্বদাই লতাদি দ্বারা আবৃত থাকায় কেহই তাহাকে দেখিতে পায় নাই; সেই দিন জলান্বেষণ করায় যদুকুমারগণ হঠাৎ তাহাকে দেখিতে পায় এবং দয়া পরবশ হইয়া তাহার উদ্ধারের জন্য সচেষ্ট হয়। কুমারেরা চর্মরজ্জু ও সূত্রময় রজ্জুতে বাঁধিয়া তাহাকে উত্তোলন করিবার বহুভাবে চেষ্টা করা সত্ত্বেও যখন সমর্থ হইলেন না তখন তাঁহারা উৎসুক চিত্তে শ্রীকৃষ্ণ সমীপে যাইয়া এই বৃত্তান্ত নিবেদন করিলেন। অবশেষে ভগবান শ্রীকৃষ্ণ তথায় গিয়া তাহাকে দেখিয়া আপন বামহস্ত দ্বারা অনায়াসে কূপ হইতে উদ্ধার করিলেন।

ভগবান শ্রীকৃষ্ণের করস্পর্শ মাত্র তখনই কৃকলাশ স্বীয় রূপ পরিত্যাগ করিয়া দেবরূপ ধারণ করিয়া প্রকট হইলেন। ভগবান শ্রীকৃষ্ণ সর্বজ্ঞ হওয়া সত্ত্বেও সর্বজন সমক্ষে কৃকলাশের বৃত্তান্ত প্রচার করিবার জন্যে তখন দেবরূপধারী রাজা নৃগকে জিজ্ঞাসা করিলেন — ''হে মহাভাগ! তুমি কে? আমি নিশ্চিতরূপে তোমাকে দেবতা বলিয়া স্বীকার করি। কি কর্মবশে তুমি এই অবস্থা প্রাপ্ত হইয়াছিলে? যদি তুমি তাহা আমাদের নিকট বলিবার যোগ্য মনে কর তবে নিজ পরিচয় প্রদান কর।'' তখন নৃগরাজা শ্রীকৃষ্ণকে প্রণাম পূর্বক বলিলেন - ''হে প্রভো! আমি ইক্ষ্বাকু তনয় নরপতি নৃগ। সর্বভূতাত্মার সাক্ষীস্বরূপ তুমি, তাই তোমার অবিদিত কিছুই নাই। কাল দ্বারাও তোমার দৃষ্টি অব্যাহত, তথাপি তোমার আজ্ঞাক্রমে আমি বলিতেছি, শ্রবণ করুন। পৃথিবীতে যত বালুকা আছে, আকাশে যত তারকা আছে এবং যত বারিধারা পতিত হয় তত সংখ্যক গোদান আমি করিয়াছি। বোধহয় দাতাগণের নাম কীর্তন প্রসঙ্গে আমার নাম অবশ্যই আপনি শুনিয়া থাকিবেন। কোন একজন প্রতিগ্রহ নিবৃত্ত শ্রেষ্ঠ ব্রাহ্মণের একটি গাভী ভ্রষ্ট হইয়া আমার গো-ধনের সহিত মিলিত হইয়া গিয়াছিল। আমি না জানিয়া ঐ গাভীটিকে একজন ব্রাহ্মণকে দান করিয়াছিলাম। প্রতিগ্রহকারী ব্রাহ্মণ ওটিকে লইয়া যাইতেছিলেন, পথিমধ্যে ঐ গাভীর স্বামী-ব্রাহ্মণ গাভীকে দেখিয়া বলিলেন, 'এ গাভী আমার।' প্রতিগ্রহকর্তা ব্রাহ্মণ বলিলেন, 'রাজা নৃগ আমাকে এই গাভী দিয়াছেন, অতএব এই গো আমার। সেই উভয় ব্রাহ্মণ এই লইয়া বিবাদ করিতে করিতে স্বার্থসাধনার্থ আমাকে বলিয়াছিলেন যে আপনি দাতা এবং আপনি অপহর্তা। এ কথা শুনিলে আমি ধর্ম সঙ্কটে পড়িলাম এবং ব্যাকুল প্রাণে তাহাদের উভয়কে অনুনয় করিয়া প্রার্থনা করিয়াছিলাম যে এই গোটি আমায় দিন, আমি ইহার পরিবর্তে অতি উৎকৃষ্ট লক্ষ গো দান করিব। আপনারা এই অবিজ্ঞাত দাসকে অনুগ্রহ করিয়া আমাকে ধর্মসঙ্কট হইতে রক্ষা করুন। তখন গো-র স্বামী ''আমি রাজার প্রতিগ্রহ করি না'' বলিয়া প্রস্থান করিলেন এবং গ্রহীতাও ''অন্য অযুত গো-ও আমি ইচ্ছা করি না'' বলিয়া প্রস্থান করিলেন।

ইহার কিছু সময় পরেই আমার মৃত্যুর সময় উপস্থিত হইলে যমদূতেরা আমাকে যমালয়ে লইয়া গেল। সেখানে যমরাজ আমায় বলিলেন - ''হে রাজন্! আমি তোমার দান ধর্মাদি সাধ্য উজ্জ্বল স্বর্গাদি লোকের অন্ত দেখিতেছি না। অতএব তুমি পূর্বে অশুভ ভোগ করিবে কি সুখ ভোগ

করিবে?'' আমি বলিলাম -'' আমি পূর্বে অশুভ লোক ভোগ করিব।'' তখন যম বলিলেন -''তবে পতিত হও।'' হে প্রভো! তৎক্ষণাৎ আমি নিজেকে কৃকলাশ দর্শন করিলাম। হে কেশব! ভগবৎ সন্দর্শনার্থী এই দাসের আজ পর্য্যন্তও কোন স্মৃতিভ্রংশ হয় নাই। অতএব আমাকে অনুমতি দিন যে আমি যে কোন স্থানেই থাকি না কেন, আমার চিত্ত যেন সর্বদা আপনার পদে স্থান পায়।'' ইহা বলিয়া শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া নৃগরাজ তাঁহার পাদদ্বয় নিজ মস্তক দ্বারা স্পর্শ করিয়া শ্রীভগবানের অনুজ্ঞাক্রমে সকলের সমক্ষে শ্রেষ্ঠ বিমানে আরোহণ করিয়াছিলেন।

তখন সর্বলোকপাবন ভগবান শ্রীকৃষ্ণ দ্বারকাবাসী প্রজাগণ ও রাজন্যবর্গকে শিক্ষা দিবার নিমিত্ত এই প্রকার সদুপদেশ প্রদান করিয়াছিলেন যে অগ্নির মত তেজস্বী হইয়াও যদি কোন ব্যক্তি অত্যল্প মাত্রও ব্রহ্মস্ব (প্রকৃত ব্রহ্মজ্ঞানী ব্রাহ্মণের সম্পদ) নিজের অবিজ্ঞাতেই হরণ বা ভোজন করে তবে তাহাও তাহার পক্ষে দুর্জ্জর হয়, যাহারা প্রভুত্বাভিমানী ক্ষত্রিয়, তাহাদের পক্ষেও ইহা সমূহ অশুভ। শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন যে তিনি হলাহলকেও বিষ বলিয়া মনে করেন না কারণ তাহারও এক প্রকার প্রতিক্রিয়া আছে পরন্তু ব্রহ্মস্বই প্রকৃত বিষ বলিয়া কথিত হয় কারণ মর্ত্যলোকে তাহার প্রতিবিধান নাই। বহু পরিবার বিশিষ্ট অতিথি-পরায়ণ হৃতবৃত্তি ব্রাহ্মণগণের রোদনের অশ্রুবিন্দু সকল যত ধূলিকণা সিক্ত করে, ব্রহ্মস্বহারী রাজাই হউক অথবা রাজবংশীই হউক, ততসংখ্যক বৎসর কাল কুম্ভীপাক নরকে স্বতন্ত্রভাবে পতিত হয়। অতএব সমাহিত হইয়া সর্বদা প্রকৃত ব্রাহ্মণকে সম্মান প্রদর্শন ও প্রণাম করা উচিত। জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে ব্রাহ্মণ ধন অপহরণ করিলে অপহর্তাকে নরক বাস করিতে হয় যেমন নৃগরাজা না জানিয়া ব্রাহ্মণের গো অপহরণ করায় তাহাকে কৃকলাশ হইয়া নরক বাস করিতে হইয়াছিল।

কথিত আছে যে নরপতি নৃগ পূর্বজন্মে শূদ্র জাতীয় রাজা ছিলেন। সেই সময়ে তিনি শ্রাবণ মাসের শুক্লা দ্বাদশী তিথিতে বুদ্ধদ্বাদশী ব্রতের অনুষ্ঠান করিয়াছিলেন। সেই পুণ্যের ফলে তিনি পরবর্তী জন্মে সূর্য্যবংশে জন্মগ্রহণ করিয়াছিলেন এবং মৃগয়া করিতে যাইয়া ব্যাধ দস্যু দিগের হস্ত হইতে সেই পুণ্যের ফলেই পরিত্রাণ লাভ করেন।

রাজা নৃগ ব্রাহ্মণ শাপে কৃকলাশ হইলে তাঁহার পুত্র বসু সিংহাসনে আরোহণ করেন।

(*সহায়ক গ্রন্থ : ভাগবত, মহাভারত, রামায়ণ ও বরাহপুরাণ*)

সদ্‌গুরু কৃপা

মহাপ্রলয়ের পর সৃষ্টির আদিকাল হতে —
সৃষ্টি করি মহাবিশ্ব পরিপালন করিতেছ
মাগো, তুমি সপ্তলোক।
যাবতীয় ভয়ানক অসুর প্রকৃতিরে
নিধন করিয়া সদা রক্ষ ত্রিভুবন।।

তব পদানত জরা, ব্যাধি, মৃত্যু, শোক।
ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর না পারে
তব মহিমা করিতে কীর্ত্তন।
আমি তুচ্ছ মানবী কিঙ্করী তব;
চারিবেদও না পারে বর্ণিতে তব কৃপা অকৃপণ।।

হে জগদিশ্বরী, তব আদি অন্ত নাই।
যা কিছু জীবিত, জড়,
সূর্য্য, চন্দ্র, ক্ষিতি বায়ু জল —
এ জগতের প্রতি অণুপরমাণুতেই
তোমার অস্তিত্ব পাই ।।

কে তুমি, কি তুমি, কত শত যোগী ঋষি
ধ্যানেও বুঝিতে নাহি পায়।
মোর ক্ষুদ্র জ্ঞানের বিচারে শুধু জানি
তব ইচ্ছামাত্রেই, সব অসম্ভব সম্ভব হয়ে যায়।
কালকরাল মৃত্যুর পাশ হতে, মৃত প্রাণ পায়।

অপার আনন্দে তব রাঙা শ্রীচরণকমলে
মাথা রেখে মা-মা বলে ভাসি অশ্রুজলে।।
প্রতিটি মুহূর্তে আমি প্রাণ পাই তব কৃপা বলে।
কৃপা করো রক্ষা করো হে জননী মোর।

প্রাণ যদি দিলে কৃপা করে, তবে
তোমার মনের মতন করে গড়ে নাও মোরে।।
এই চির সত্য মনে মনে জানি —
প্রতি পল অনুপল, মাতৃমন্ত্রে
প্রাণ পায় জীবন সকল।।

—মাতৃচরণাশ্রিতা শ্রীমতী স্বাতীনন্দা ত্রিপাঠী

গীতা ভাবনা

(২৩)

গীতায় বাসুদেবকে সবকিছুর কারণ তথা পরমতত্ত্ব হিসাবে উপস্থাপিত করা হয়েছে এবং বহুজন্মের তপস্যার পর জ্ঞানবান তাঁকে প্রাপ্ত হন বলে দেখান হয়েছে। এযেন ছান্দোগ্য উপনিষদের 'সর্বং খল্বিদং ব্রহ্ম' (ছা.উ. ৩/১৪/১) কথারই ব্যাখ্যা। সেই আদি সুরটি ঋগ্বেদের নারায়ণ ঋষি দৃষ্ট পুরুষসূক্তেই আমরা পাই। যা কিছু সৃষ্টি হয়েছে এবং ভবিষ্যতে সৃষ্টি হবে সবই পরমপুরুষ। সেই পরম পুরুষের রূপটি বড় বিচিত্র —

"সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং বিশ্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দলাঙ্গুলম্।।
পুরুষ এবেদং সর্বং যদ্ভূতং যচ্চ ভব্যম্।
উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি।।"

—(ঋক্ সং ১০/৯০/১-২)

গীতার পুরুষোত্তম তত্ত্ব বা বিশ্বরূপ দর্শনতত্ত্বে এই ব্যাপারটিকেই কি ব্যাখ্যা করা হয় নি! 'ব্রহ্মবাদ' গীতায় এসে 'বাসুদেববাদে' পরিণত হয়েছে। গীতার সপ্তম অধ্যায়ের ১৯ শ্লোকটি এই বিষয়ে উদ্ধৃত করা হয়ে থাকে —

"বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে।
বাসুদেবঃ সর্বমিতি স মহাত্মা সুদুর্লভঃ।।"

বিভূতি যোগে সর্বজীবের হৃদয়স্থ প্রত্যগাত্মারূপে তিনিই ধ্যেয় একথা বলতে গিয়ে ভগবান বললেন —

"অহমাত্মা গুড়াকেশঃ সর্বভূতাশয়স্থিতঃ।
অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ।।"-(গীতা ১০/২০)

অর্থাৎ, হে জিতনিদ্র অর্জুন! আমিই সর্বপ্রাণীর হৃদয়ে অবস্থিত প্রত্যগাত্মা এবং আমিই প্রাণীদের উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের স্থান। সমস্ত অধ্যায়টি জুড়ে শ্রেষ্ঠরূপে তিনি কোথায় কিভাবে বর্তমান সেকথা বলেছেন। এই অধ্যায়ের শেষ শ্লোকে বলা হল তিনি একটিমাত্র অংশ বা পাদের দ্বারা সমস্ত জগৎ ব্যাপ্ত করে রয়েছেন বলে অর্জুনের পক্ষে তাঁর বিভূতির কথা অধিক জানার দরকার কি?

"অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জুন।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ।।"

— (গীতা ১০/৪২)

এই তত্ত্বটিও ছান্দোগ্য উপনিষদের মন্ত্রের ভাবানুবাদ — 'পাদোহস্য সর্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি' (ছা.উ. ৩/১২/৬)। কেবল উপনিষদেই না ঋগ্বেদেও পাই, —

"ত্রীণি পদা বি-চক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্যঃ।
অতো ধর্মাণি ধারয়ন্।।" -(ঋক্ সং ১/২২/১৮)

তাই গীতাকে বেদের তত্ত্বের রূপক বলে বা বেদের ব্যাখ্যা বলে যাঁরা অলোচনা করেছেন তাঁদের কথাগুলি ভাববার কথা বটেই।

গীতার ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ বিভাগযোগ, জ্ঞানযোগ, কর্মযোগ, ভক্তিযোগ প্রভৃতি তত্ত্বের বীজ বেদ এবং বেদানুগ পুরাণ গুলিতে কিভাবে পাওয়া যায় সেটা মরমিয়া ব্যাখ্যাকারেরা দেখিয়েছেন। বেদের পুরুষোত্তম আমাদের হৃদয়ে অবস্থিত অন্তর্যামী। গীতায় বলা হল 'ঈশ্বরঃ সর্বভূতানাং হৃদ্দেশে অর্জুন তিষ্ঠতি' (গীতা ১৮/৬১)। ঋগ্বেদের দশম মণ্ডলে ৪৩ সূক্তে কৃষ্ণাস্য ঋষি বলেছেন — ধনদাতা ইন্দ্র প্রত্যেক মানুষের মধ্যে বর্তমান আছেন। অভিলাষ সিদ্ধিকারী ইন্দ্র সকলের স্তবই অবধান করেন। যার সোমযাগে তিনি প্রীতিলাভ করেন সে প্রখর সোমরসের দ্বারা যুদ্ধভিলাষী শত্রুদের পরাস্ত করে।

"বিশং বিশং মঘবা পর্যশায়ত জনানাং ধেনা অবচাকশদ্বষা।
যস্যাহশত্রুঃ সবনেষু রণাতি স তীব্রৈঃ সোমৈঃ সহতে
পৃতনাভঃ।।" (ঋক্ সং ১০/৪৩/৬)

অর্জুন ভগবানের বিশ্বরূপ দেখে বললেন—যেমন নদীগুলির প্রচুর জলস্রোত সমুদ্রাভিমুখে প্রবাহিত হয়ে দ্রুত সমুদ্রে বিলীন হয়ে যায়, তেমনি এই বীর পুরুষেরা (ভীষ্ম, দ্রোণ, কর্ণ প্রভৃতি) আপনার সর্বত্র প্রজ্বলন্ত মুখবিবরে প্রবেশ করছেন—

"যথা নদীনাং বহবোহম্বুবেগাঃ সমুদ্রমেবাভিমুখা দ্রবন্তি।
তথা তবামী নরলোকবীরা বিশন্তি বক্ত্রাণ্যভিবিজ্বলন্তি।।"

—(গীতা ১১/২৮)

জলেদের নদীতে যাবার উপমা ঋগ্বেদে ইন্দ্র দেবতার সম্পর্কে উচ্চারিত হয়েছে — যেমন সমস্ত জল নদীর দিকে যায়, যেমন ছোট ছোট জলপ্রবাহ হ্রদে গিয়ে পড়ে; তেমনি সোমরসগুলি ইন্দ্রের মধ্যে যায়।

"আপো ন সিন্ধুমভি যৎসমক্ষরন্ত সোমাস ইন্দ্রং কুল্যা ইব
হৃদম্।
বর্ধন্তি বিপ্রা মহো অস্য সাদনে যবং ন বৃষ্টির্দিব্যেন দানুনা।।"
(ঋক্ সং ১০/৪৩/৭)

.....ক্রমশঃ

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

মহামুনি রুচির কথা

শ্রীশ্রীমা সর্বাণী

মার্কণ্ডেয় পুরাণে আছে — বরুণদেবের তনয় হইতে অপ্সরা প্রম্লোচার গর্ভে 'মালিনী' নামে এক কন্যা জন্মগ্রহণ করে। মহামুনি রুচি ওই কন্যাকে বিবাহ করেন। মহামুনি রুচির সঙ্গে অপ্সরা মালিনীর বিবাহ কাহিনীটি অত্যদ্ভুত।

রুচি অন্যতম প্রজাপতি ছিলেন। কোনও সময়ে তিনি গৃহহীন, আশ্রমবর্জিত হইয়া পৃথিবী পর্যটন করিতেছিলেন। তাঁহার পিতৃগণ তাঁহাকে ওইভাবে ভ্রাম্যমাণ দেখিয়া তাঁহাকে দারপরিগ্রহ করিতে পরামর্শ দেন। ইহাতে রুচি প্রথমে বিবাহের নানা অসুবিধার কথা বলিয়া অনিচ্ছা প্রকাশ করেন। কিন্তু পিতৃগণ নানারূপ উপদেশ প্রদান করিয়া বারংবার বিবাহ করিবার জন্যে পরামর্শ দিতে লাগিলেন। অবশেষে তাঁহাদের পরামর্শে রুচি বিবাহার্থী হইয়া উপযুক্ত কন্যার অন্বেষণে নানাস্থানে পর্যটন করিয়াও উপযুক্তা কন্যা না পাইয়া তখন ব্রহ্মার শরণাপন্ন হন। ব্রহ্মার পরামর্শে রুচির পিতৃগণের পূজা করিতে আরম্ভ করিলেন এবং নদীতীরে পিতৃগণের পূজা করিয়া তাঁহাদের স্তব করিতে আরম্ভ করিলেন। রুচির স্তবে সন্তুষ্ট হইয়া পিতৃগণ তথায় আবির্ভূত হইয়া বলিলেন, ''এই নদীর মধ্য হইতেই তোমার জন্য এক কন্যার আবির্ভাব হইবে। তুমি সেই কন্যাকে বিবাহ করিও।'' পিতৃগণ এই কথা বলিয়া প্রস্থান করিলে সেই নদী মধ্য হইতে অপ্সরা প্রম্লোচা উত্থিতা হইয়া রুচিকে বলিলেন, ''আমার গর্ভে বরুণ-তনয় পুষ্করের ঔরসে এক কন্যা জন্মগ্রহণ করিয়াছে। আপনি সেই কন্যাকে পত্নীরূপে গ্রহণ করুন।'' রুচি তাহাতেই সম্মত হইয়া 'মালিনী' নাম্নী সেই প্রম্লোচার গর্ভজাত কন্যাকে বিবাহ করিলেন মালিনীর অন্য নাম 'মনোরমা'। সেই কন্যার গর্ভে 'রৌচ্য' নামে রুচির এক পুত্র জন্মে। তিনি অন্যতম মনু হইয়াছিলেন। ইনি মনুদিগের মধ্যে পর্য্যায়ক্রমে ত্রয়োদশ মনু ছিলেন।

অন্যান্য পুরাণ মতে — প্রজাপতি রুচি স্বায়ম্ভুব মনুর কন্যা 'আকুতিকে' (মতান্তরে 'ঋদ্ধিকে') বিবাহ করিয়াছিলেন। আকুতির গর্ভে যজ্ঞ ও দক্ষিণা নামে একপুত্র ও এক কন্যা জন্মগ্রহণ করেন। 'যজ্ঞ' ভগবান বিষ্ণুর সপ্তম অবতার ছিলেন। যজ্ঞ স্বীয় ভগিনী দক্ষিণাকেই (লক্ষ্মীকেই) বিবাহ করেন। যজ্ঞরূপী বিষ্ণু রুচির মানসপুত্র ছিলেন। তাঁহার অংশে 'রৌচ্য' মনুর জন্ম হয়।

(সহায়ক গ্রন্থ : গরুড় পুরাণ, মার্কণ্ডেয় পুরাণ, শিবপুরাণ, বায়ু পুরাণ, পদ্মপুরাণ, বিষ্ণুপুরাণ, দেবী ভগাবতম্ ইত্যাদি)

শ্রীগোপীনাথ কবিরাজের পত্রাবলী

গুরুভ্রাতা মনীষী শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয় যিনি শ্রীশ্রীবিশুদ্ধানন্দ পরমহংসদেবের (গন্ধবাবা) জীবনীকার ছিলেন, তাঁহাকে মহামহোপাধ্যায় ডঃ গোপীনাথ কবিরাজ কর্ত্তৃক লিখিত পত্রাবলী। পত্রাবলীতে কখনো কখনো জ্ঞানগঞ্জের ভাষা ও শব্দ ব্যবহৃত হইয়াছে।

পত্র নং (১৭)

শ্রীশ্রীহরি

২এ, সিগরা, বেনারস

১২-৭-৪৭

পরম শ্রদ্ধাস্পদেষু,

আপনার পত্র ও প্রেরিত ১৫০-এর চেক পাইলাম। শ্রীমান পানু কলেজে ভর্তি হওয়ার জন্য চেষ্টা করিয়া কৃতকার্য্য হইতে পারিল না। বিস্তারিত তাহার নিকট জানিতে পারিবেন। সুতরাং আপনার প্রেরিত ১৫০/- ফেরৎ পাঠাইলাম — ১৪০/- চেক মারফৎ এবং ১০/- পানুর মারফৎ নগদ। পানু আজ কলিকাতায় ফিরিয়া যাইতেছে। কলিকাতার বর্তমান স্থিতিতে আমি তাহাকে ছাড়িয়া দিতে সাহস পাইতে ছিলাম না। যাহা হউক গুরুকৃপায় সে মঙ্গল মত বাড়ী পৌঁছিবে। তাহার পৌঁছ সংবাদটা অবশ্য অবশ্য দিবেন।



ছোটমার পুনরাবির্ভাব আকস্মিক ভাবে হইয়াছিল গত ২৪শে মে তারিখে বেলা ১১।। টার সময় আমার পড়ার ঘরে হঠাৎ আবির্ভূত হন। তখন ঘরে কোন লোক ছিল না — আমি একটি কাগজ পড়িতে পড়িতে তন্ময়ভাবে অধোদৃষ্টি হইয়াছিলাম। হঠাৎ ঘরটি দিব্য

সুগন্ধে ভরিয়া যায় এবং আমার দৃষ্টি ঊর্দ্ধে আকৃষ্ট হয়। তখন চাহিয়া দেখি মা আমার সম্মুখে দাঁড়াইয়া। তাঁহার হাতে একটি ঝোলা ছিল। আমি এই অবস্থায় তাঁহাকে দেখিয়া প্রথমটা বুঝিতে পারিলাম না। এই দর্শন সত্য দর্শন বা আমার মানসিক বিভ্রম মাত্র। তাঁহাকে কথা জিজ্ঞাসা করিয়াও তাঁহার মুখ হইতে কোন কথা বাহির করিতে পারি নাই। আমি তখন জাগ্রত অবস্থায় তাহাতে সন্দেহ নাই। কিছুক্ষণ পরে যাইয়া প্রণাম করিলাম। তখন তিনি আশীর্বাদ করিলেন — মস্তক স্পর্শ করিলেন। দর্শন এবং স্পর্শন এই উভয় ইন্দ্রিয়ের ব্যাপারের দ্বারা আমার ঐ দর্শন যে অমূলক নহে তাহা বুঝিতে পারিলাম। তখন তাঁহাকে জিজ্ঞাসা করা হইল যে তিনি কথা বলিতেছেন না কেন। তিনি ইঙ্গিতে বলিলেন যে তিনি কথা বলিবেন না। তবে কাগজ পেন্সিল দিলে লিখিয়া তাঁহার যাহা বক্তব্য তাহা প্রকাশ করিতে পারেন। তখন হইতে কাগজ পেন্সিল দ্বারাই ইচ্ছানুসারে ভাব প্রকাশ করিতেন। কিছুক্ষণ আমাদের বাসায় থাকার পর তাঁহারই আদেশে তাঁহাকে অগস্ত্যকুণ্ডে লইয়া চলিলাম। প্রায় ১৪/১৫ দিন কাশীতে ছিলেন। তারপর আবার অপ্রকট হইয়াছেন। যতদিন এখানে ছিলেন কথা বলেন নাই। উত্তরে বলিয়াছিলেন যে এখন কথা বলিলে গুরুর মহাকার্য্যে ব্যাঘাত জন্মিবে। সেই ব্যাঘাত অপসরণ করিতে হইলে আমাদিগকে যে দণ্ডগ্রহণ করিতে হইবে তাহা আমাদের সামর্থ্যের অতীত। ১৯৪৪ সালে প্রায় ৫ মাস কাল নিরম্বু অনশন করিয়া তাঁহাকে যে যে তাপ সহ্য করিতে হইয়াছিল পুনর্বার তাহাই আবশ্যক হইবে । যাহাতে কোনপ্রকার বিঘ্ন না হয়, তাহাই করা উচিত। এইজন্যেই তিনি কাগজে লিখিয়াই সব ভাব প্রকাশ করিতেন। মুখ খুলিয়া কখনও কিছু বলেন নাই। তিনি বলিলেন এই যে তাঁহার রূপ আমরা দেখিতেছি — ইহা তাঁহার স্বরূপ নহে — ইহা কৃত্রিম— রূপ । যে স্বরূপে প্রশান্তের অবতরণ হইয়াছিল এবং যাহা ১৯৪৬ সালের ৬ই জুলাই অপ্রকট হইয়াছিল ইহা সে রূপ নহে। তাঁহার প্রকৃত স্বরূপ যাহা তিনি সতেরো মাসের কর্মের ফলে প্রস্ফুটিত হইয়াছিল তাহা জ্ঞানগঞ্জে সুরক্ষিত রহিয়াছে। উহা ষোড়শ কলা সম্পন্ন পূর্ণরূপ — উহারই এক কণা লইয়া তিনি ভূতলে অবতীর্ণ হইয়া সঞ্চরণ করিতেছেন। যে রূপ আমরা দেখিতেছি উহা ঐ এককলা ব্যতীত অপর কিছু নহে। এই জন্যই উহাকে কৃত্রিম বলা হয়। আমাদিগকে দেখা দিবার জন্যই এবং গুরুর মহাকার্য্যের কিছু সন্ধান দিবার উদ্দেশ্যে তিনি প্রকট হইয়াছিলেন। তিনি বলিয়াছেন যে এই কলাত্মক প্রকট রূপ নরলোকে বর্তমান সময়ে বহুস্থানে বহু আকার ধারণ করিয়া কার্য্য করিতেছে। বর্তমানে বিরুদ্ধ শক্তির প্রবল প্রভাব। এই শক্তিকে আরও প্রবল করিয়া তাহাকে বিনষ্ট করাই এই কলার কার্য্য। প্রলয়ের পরেই নবীন সৃষ্টির আবির্ভাব হইবে। নবীন সৃষ্টি রচিত হইয়া জ্ঞানরাজ্যের ঊর্দ্ধ প্রদেশে সুরক্ষিত রহিয়াছে। অর্থাৎ মার পরম স্বরূপ, যে স্বরূপে গুরু ও মা অভিন্ন — সেই স্বরূপ অভিব্যক্ত হইয়াছে কিন্তু এখনও ধরাতলে প্রকট হয় নাই। যে আধার তাহাকে ধরিবে তাহা ক্রমশঃ পুষ্ট হইয়া ধারণ সামর্থ্যলাভ করিতেছে। বিরুদ্ধ শক্তির অবসান এবং ধারণ সামর্থ্যের পূর্ণতালাভ একই সময়ে সম্পন্ন হইবে মনে হয়। পরম গুরুদেবের এবং আদি মার সিংহাসনের উপরে যে চক্রটি নিরন্তর ঘূর্ণিত হইতেছিল এখন আর তাহা সেখানে সে অবস্থায় আর নাই। বস্তুতঃ উহাই এখন জ্ঞানরাজ্যের আরাধ্য সাকার স্বরূপে পরিণত হইয়াছে। মার যে আকৃতি আমরা দেখিয়াছি উহা আমাদের পূর্ব পরিচিত আকৃতির অনুরূপ কিন্তু স্বরূপ ঠিক এক নহে। কিন্তু এই আকৃতিও আমরা অর্থাৎ যাহারা তাঁহাকে চেনে তাহাদের নিকট ভিন্ন অন্যত্র প্রকাশিত হয় নাই। তিনি যতটা প্রকাশ করিয়াছেন তাহা হইতে জানা যায় যে তিনি যে সকল স্থানে প্রকট হইয়া কার্য্য করিয়াছেন তাহাদের মধ্যে কলিকাতা, নোয়াখালী প্রভৃতি বঙ্গদেশের বিভিন্ন স্থান বিহার, লাহোর, অমৃতসর, পেশোয়ার করাচী, মুশৌরি, দেরাদুন, আলমোরা, চিরন্দি, কাঞ্চনজঙ্ঘা প্রভৃতির অন্তর্গত। চিরন্দি গাঢ়বালের অন্তর্গত একটি সিদ্ধ পীঠ। তিনি বলিয়াছেন, তাহাকে উত্তর মেরু যাইতে হইয়াছিল। সেখানে বহুসংখ্যক যোগী আছেন যাঁহারা কায়াসিদ্ধ করিয়া মৃত্যুজয় করিয়াছেন। বলা বাহুল্য উত্তর মেরু আমাদের North Pole নহে। এই সকল যোগীকে কার্য্যে প্রবর্তিত করিবার জন্য নামাইয়া আনা হইয়াছে। এখন ইহারা উত্তরাখণ্ডে আছেন। ইহাদের কার্য্য আরম্ভ হইবে বিরুদ্ধ শক্তি হ্রাসের পর হইতে। দক্ষিণ দেশের অনেক যোগীকে এই মহাকার্য্যে ব্রতী করান হইয়াছে।

মা এখানে যে কয়দিন ছিলেন তন্মধ্যে কয়েকদিন এখানে থাকিয়াও বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকার কার্য্য করিয়াছেন। তদুপলক্ষ্যে তাহার তৎ তৎ স্থানে গৃহীত কায়ার উচ্চারিত বাক্য ও অভেদ সূত্রে বর্তমান কায়ার মধ্য দিয়া পাওয়া গিয়াছে। তাহা যথাবৎ লিপিবদ্ধ করিয়া রাখিবার চেষ্টা করা হইয়াছে। বাক্যগুলি একান্তই অদ্ভুত। তার মধ্যে একদিন জ্ঞানগঞ্জের প্রসঙ্গও আছে। সুবিধা হইলে সেটি একদিন নকল করিয়া পাঠাইয়া দিব। একদিন সীমচন্দম্ নামক স্থানে কথ

মুনির আশ্রমে গিয়াছিলেন ব্রহ্মচারীর বেশে। বৈদিক দীক্ষার রহস্য সম্বন্ধে সেদিন অনেক কথা হইয়াছিল। একদিন ষোড়শ বর্ষ বয়স্কা মুসলমান ভিখারিনী বেশে লাহোরের কোন নবাবের নিকট গিয়াছিলেন। সেদিনকার কথাবার্তা সব হিন্দীতে হইয়াছিল। কয়েকদিন কলিকাতায় এবং অন্যান্য স্থানে ইংরাজী শিক্ষিত যুবকের বেশে Anarchist-দের সামরিক শিক্ষা প্রদান করিতেছিলেন। সেইদিনের কথাবার্তায় ইংরাজী technical শব্দ খুব বেশী ছিল। একদিন বোম্বাইয়ে কোন radio party-তে একটি film star-এর ভূমিকায় গান দিতেছিলেন। কোন কোন দিন অত্যন্ত গম্ভীর পরমতত্ত্বের উপদেশও নির্গত হইত। ইহার কারণ, এখানকার সকলেই তাঁহাকে প্রণাম করিত। অথচ তিনি বলিতেন যে ঐ কৃত্রিম শরীর তাঁহার মতে প্রণাম নেওয়ার যোগ্য নহে। ভক্তগণ প্রণাম করিবার সঙ্গে সঙ্গেই ঐ প্রণাম গ্রহণ করিবার জন্য শুদ্ধ শরীরের আভাষটা তাহাতে আসিয়া পড়িত। পূর্ণ ভিন্ন কলা প্রণাম নিতে পারে না। পক্ষান্তরে, আন্তরিক শক্তির সহিত সংঘর্ষ শুদ্ধ শরীরের কার্য্য নহে। — উহা কলাত্মক কৃত্রিম শরীরের কার্য্য। বিরুদ্ধ শক্তির হ্রাস হইয়া গেলে যখন কৃত্রিম শরীরের প্রয়োজন থাকিবে না, তখন ঐ এক কলা মূল শুদ্ধ স্বরূপে ফিরিয়া যাইবে। তখন পূর্ণ শুদ্ধ স্বরূপই নামিয়া আসিবে। তখন মা কথা বলিবেন। প্রসঙ্গতঃ মা বলিয়াছিলেন যে তিনি পৃথিবীতে ভারতবর্ষের বাহিরেও নানান স্থানে স্বপ্রয়োজন সাধনের জন্য ঘুরিতেছেন। তিনি নাকি আমাদের সম্রাটের সঙ্গে বৌদ্ধ ভিক্ষু বেশে দেখা করিয়াছিলেন। পণ্ডিচেরীতেও গিয়াছিলেন এবং দেখাও করিয়াছেন। কিন্তু কেহই স্বরূপ চিনিতে পারেন নাই। এইখানে Theosophical Society-তে সংশ্লিষ্ট হিন্দুস্থানী একটি বৃদ্ধা স্ত্রীলোক প্রায়ই অলৌকিকভাবে মার দর্শন পাইয়া থাকেন। যাজ্ঞিকজির সঙ্গে ইঁহার বিশেষ ঘনিষ্ঠতা আছে। ইনি গতবৎসর যাজ্ঞিকজির সঙ্গে একবার অল্প সময়ের জন্য মাকে দর্শন করিতে গিয়াছিলেন। তাহার পর আর কখনও যান নাই। স্ত্রীলোকটির occult power খুব বেশী আছে এবং এই জন্যই উক্ত Society-তে ইঁহার নাম এবং প্রতিষ্ঠা খুব বেশী। গত বৎসর গুরুপূর্ণিমার পূর্ববর্তী শুক্লাষ্টমীতে মা যখন প্রথম অপ্রকট হন তখন ইনি মুসৌরিতে ছিলেন। তখন ইনি ঐদিনই রাত্রিবেলা মার দর্শন পান। মা তাঁহাকে সূক্ষ্মজগৎ সম্বন্ধে কার্য্য করিবার জন্য উপদেশ দেন। ইঁহার পর ইনি যখন কাশীতে ফিরিয়া আসেন তখন হইতে নিয়মিত ভাবে অমাবস্যা ও পূর্ণিমাতে মার দর্শন পাইতে আরম্ভ করেন। ইঁহার গুরুদেব তিব্বতের একজন সিদ্ধ মহাত্মা। তিনিও সিদ্ধকায়াতে মার সাথে উপস্থিত ছিলেন। উনিও মাতাজীকে মার আদেশ অনুসারে চলিতে আজ্ঞা করেন। মা যতক্ষণ ইঁহার নিকট আসনে উপবিষ্ট ছিলেন ততক্ষণ তাঁহার গুরুদেব অনুগতভাবে তাঁহার পশ্চাতে দাঁড়াইয়া ছিলেন। ইহা দেখিয়া তাঁহার মনে মার প্রতি বিশিষ্ট শ্রদ্ধা উৎপন্ন হয়। মা তাঁকে দিয়া ভারতবর্ষের বহুস্থান ভ্রমণ করাইয়াছেন এবং বহু অলৌকিক কার্য্য করাইয়াছেন। এই সকল ঘটনার বিবরণ দিবার আবশ্যকতা নাই। শুধু এই এক স্থানে নহে বহু স্থানে বহু প্রকারে মা প্রকট হইতেছেন — কোথাও সূক্ষ্মে — কোথাও স্থূলে — সর্বত্রই এক মহোদ্দেশের প্রেরণায় কার্য্য চলিতেছে। যে আধারের কথা বলিয়াছিলাম তাহার বর্তমান স্থিতি এইরূপ — কৃপাশূন্য যাত্রীর গুরুদত্ত কায়া কৃপাযুক্ত কর্ম পূর্ণ হওয়ার দরুণ ১৯৪৬ সালের ৬ই জুলাই (যখন তিন সতেরো মাস পূর্ণ হইয়াছে) ১০৭ এর মহাকমলের দলে স্থিতি নিয়াছে। — ঐ কায়া ১০৫ হইতে ১০৭-এ আসিবার সময় মধ্যপথ ধরিয়া ঊর্দ্ধরশ্মি অবলম্বন পূর্বক সবিতৃমণ্ডল ভেদ করিয়া আসিয়াছে। ইহারই জন্য নাভি ধৌতির আবশ্যকতা হয়। এই গুরুদত্ত কায়ার নাভিতে রক্তকমলের বিকাশ সম্পন্ন হইয়াছে। এইজন্য গুরুদত্ত কায়া হইতে শুদ্ধ কায়ার নির্গম সম্ভব হইয়াছে। ইহাই মহাবিবেক ইহা পাতঞ্জল মতে সত্ত্ব ও পুরুষের বিবেকের অনুরূপ অথচ অনেক উচ্চভূমিতে প্রতিষ্ঠিত। শুদ্ধ কায়া নির্গত হইয়া মহামায়ার দিব্য নিকেতন ভেদপূর্বক নিরন্তর ১০৮ এর দিকে অগ্রসর হইয়া চলিয়াছে। এই কায়া অঙ্গুলির পর্ব প্রমাণ। ইহা কৃপাশূন্য কর্মের অধিকারী ১০৭ এর পর কৃপার কর্ম আর থাকে না কৃপাশূন্য কর্মের বিকাশের সঙ্গে সঙ্গে এই কায়াটি ক্ষীণ হইয়া আসিতেছে। ইহা মহামায়ারও অতীত কায়া। এই কায়ার হৃদয় প্রদেশে একটি নীল কমলের বিকাশ হইতেছে। এই বিকাশ ব্যাপারটি এখনও সম্পূর্ণ হয় নাই, কিঞ্চিৎ অবশিষ্ট আছে। বিকাশটি পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে শুদ্ধ কায়া অর্দ্ধপর্ব প্রমাণে পরিণত হইবে। ইহার পর বাকি অর্দ্ধপর্ব ক্ষীণ হইতে হইতে মস্তকে একটি শ্বেত কমলের বিকাশ হইবে। এই কমলটির ছাঁচ (outline) ক্রমশঃ মস্তকের উপরে শূণ্য প্রদেশে প্রতিভাসমান হয়। শুদ্ধ কায়া যখন ক্ষীণ হইয়া বিন্দুতে পরিণত হইবে। তখনই কমলটির বিকাশ পূর্ণ হইবে। এই কমলটি বস্তুতঃ ব্রহ্মকমল। বিন্দু এই কমলেরই কর্ণিকাতে স্থিতিলাভ করিবে। ইহার দলসংখ্যা অনন্ত। তখন মহামায়ার রাজ্যের ঘের পড়িয়া যাইবে। রক্তকমলের মুখস্থিত সূত্রের সঙ্গে (যাহার সহিত গুরুদত্ত কায়ার নাভির যোগ আছে) শুদ্ধ কায়ার ভ্রূমধ্যের সম্বন্ধ

রহিয়াছে। এই সম্বন্ধটি সূত্ররূপী। ইহা যোগসূত্র। ইহাই মহানাদ স্বরূপ। ইহা দ্বারাই মহামায়ার ঘের সম্পন্ন হইবে। তখন সৃষ্টির অন্তর্গত সমগ্র সত্তা ব্রহ্ম সত্তাতে মিলিত হইয়া অভিন্ন হইয়া যাইবে। মায়া ও ব্রহ্মের কল্পিত ভেদ মিটিয়া যাইবে। সৃষ্টির অন্তর্ভুক্ত প্রতি সত্তাই ব্রহ্ম কমলের অন্তর্গত কোন না কোন দলে আপন যোগ্যতা অনুসারে স্থানলাভ করিবে। ইহারই নাম ১০৮ হওয়া। ইহার নামান্তর আসন প্রাপ্তি। তখন হইতে যথার্থ কর্ম আরম্ভ হইবে। কর্ম ভিন্ন উপলব্ধি হওয়ার উপায় নাই। কর্ম পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে প্রত্যেকটি দল বিন্দুতে যুক্ত হইয়া যাইবে। সবগুলি দল বিন্দুতে পরিণত হইলে যে অবস্থা, তাহারই নাম পূর্ণব্রহ্ম বা ১০৯। এখন নীল কমল প্রায় পূর্ণ হইয়াছে। শ্বেত কমল এখনও বাকি আছে। আজ এইখানেই শেষ করিলাম।

অমূল্যকে এই পত্রের নকল পাঠাইবে।

স্নেহাশীষ;

গোপীনাথ

(শ্রীশ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্তের নাতজামাই শ্রীবিজন কুমার সেনগুপ্ত মহাশয়ের সৌজন্যে সংগৃহীত পত্রাবলী)

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

(২৪)

প্রশ্ন : এই যে ডাকিনী, রাকিনী, লাকিনী, কাকিনী, শাকিনী ও হাকিনী ইত্যাদি যোগিনী-শক্তি সব রয়েছে তার সম্বন্ধে কিছু বলুন। এই শক্তিগুলি কি?

উত্তর : ক্রিয়াযোগের পর্য্যায়ে 'ভ্রামরী কুম্ভক' সাধনযোগে সাধকের যখন ভ্রামরী-কুম্ভক হয় তখন দেহাভ্যন্তরে ভ্রমর নাদ শুনিতে পাওয়া যায়। সেই ধ্বনি শুনিতে শুনিতে মনের সকল চঞ্চলতা দূরীভূত হইয়া যায়। ইহা শ্রবণে অটল স্থৈর্য্যসম্পন্ন মন তখন আর অন্য কোন বিষয়ে ধাবিত হয় না। প্রথমতঃ মূলাধার, তারপর স্বাধিষ্ঠান, তৎপরে মণিপুর, তারপরে অনাহত ও তারও পরে ক্রমশঃ বিশুদ্ধ চক্রে সেই ধ্বনি শ্রুত হইয়া থাকে। বিশুদ্ধের পরে আজ্ঞায় এবং অবশেষে সেই ধ্বনি সহস্রারে শ্রুতিগোচর হয়। এই ধ্বনি যিনি একবার শ্রবণ করিয়াছেন তিনি তাহা কখনোই ভুলেন না। ব্রহ্মের আকাশবক্ষে তাঁহার মন সর্বদাই অটল অবস্থায় নিবদ্ধ থাকে। ঐ ধ্বনি প্রণবাত্মক অতিমধুর মনোমোহিনী ধ্বনি। সহস্রারে সেই ধ্বনিই হইল 'নিরঞ্জনী যোগিনী' ধ্বনি। দেহাভ্যন্তরে 'নিরঞ্জনী' শক্তিই শ্রীরাধার 'শ্রী' রূপী পরাবিন্দুতে বিকশিত 'নির্বাণী' শক্তি বলিয়া যোগশাস্ত্রে কথিত হয়। আবার, সর্বচক্রেই এই শক্তি অধিষ্ঠিত আছেন; সাধকযোগীর ক্রমোন্নতিতে তাহা ক্রমান্বয়ে দেহাভ্যন্তরে প্রকাশিত হয়। সেইজন্যেই তাঁহাকে 'চক্রেশ্বরী' শক্তিও বলা হয়। তিনিই মণিপুরচক্রের পশ্চাতে ব্রহ্মচক্রে ব্রহ্মময়ী। তিনিই যোগিনীচক্রে 'ভগবতী' মহাশক্তি। স্বাধিষ্ঠান চক্রে এই শক্তি 'নারায়ণ' দেবের সহিত সংযুক্ত হইয়া 'রাকিনী যোগিনী' শক্তি হইয়াছেন। মূলাধার চক্রে তিনি 'ডাকিনী' নামধারণপূর্বক যোগিনী হইয়াছেন। মণিপুর চক্রে তিনি 'লাকিনী' শক্তি, অনাহত চক্রে তিনি কাকিনী শক্তি, বিশুদ্ধচক্রে তিনি 'শাকিনী' শক্তি আর আজ্ঞাচক্রে তিনি 'হাকিনী' যোগিনীশক্তি হইয়াছেন। এই যোগিনী শক্তিগুলি সম্বিৎময়ী নাড়ীরূপ ধারণ করিয়া সুষুম্নার 'চিত্রা' নাড়ীর মধ্যে ক্ষেত্রবীজ শক্তি হইতে উত্থিত হইয়া এক চক্র হইতে ঊর্দ্ধগামী অন্য চক্রে শক্তিময়ী তরঙ্গায়িত নাড়ীরূপিণী হইয়া গমন করিয়া থাকেন। এই শক্তিসম্পন্ন নাড়ী মধ্যস্থ যোগিনী শক্তিগুলিকে সাধনার প্রভাবে ব্রহ্ম বিদ্যার কৌশল সাধনের মাধ্যমে জাগরিত করিতে হয়। এইগুলি যোগের অতি সূক্ষ্মাতিসূক্ষ্ম বিষয়। সহস্রারে যাইয়া তিনি পরমা 'নির্বাণী' শক্তিরূপে বিরাজ করিতেছেন। ষট্‌চক্র নিরুপণ মতে এই যোগিনী শক্তিগুলিই 'পরমাপূর্বনির্বাণ শক্তিঃ' এই পরমা পূর্বনির্বাণ শক্তি মধ্যেই বিষ্ণুপদের অধিষ্ঠান আছে। এই-ই শিবপদ, ব্রহ্মপদ, শক্তিপদ ও হংসপদ বলিয়াও কথিত হন।

প্রশ্ন : 'উপাসনা' কি?

উত্তর : 'উপ' অর্থাৎ নিকটে 'সনা' বা আসনা অর্থে স্থিত হওয়া। আত্মসাধনার যেমন বিভিন্ন পর্য্যায় আছে তেমন উপাসনারও বিভিন্ন স্তর বা পর্য্যায় আছে। প্রকৃতপক্ষে আত্মসান্নিধ্যে স্থিত অর্থাৎ আত্মস্থ হওয়াকেই উপাসনা বলে। সাধারণ অর্থে উপাসনা বলিতে আরাধনাকেই বুঝায়। শ্রীমদ্ভাগবত গীতায় শ্রীভগবান অর্জুনকে বলিয়াছেন — ''যোগিনামপি সর্ব্বেষাং মদ্‌গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ।।'' — অর্থাৎ, যোগীগণের মধ্যে যে যোগী শ্রদ্ধাবান হইয়া মৎপরায়ণ অন্তঃকরণে (অর্থাৎ

ভক্তিবিনম্র চিত্তে) আমাকে ভজনা করেন তিনি সর্ব্বাপেক্ষা যোগযুক্ত, ইহাই আমার অভিমত। সুতরাং শুদ্ধাভক্তি যুক্ত হইয়া ঈশ্বরচিন্তায় মগ্ন হওয়াকেই উপাসনা বলে। এক কথায় 'উপাসনা' হইল ব্রহ্মধ্যান বা ব্রহ্মচিন্তন (আত্মচিন্তন)।

—শ্রীশ্রীমা সর্বাণী

নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা

শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর

(২৪)

—''আপনার জগৎমাতাকে যদি দেখাই না যায় আর আমি যদি মানুষকেই দেবতাজ্ঞানে সেবা করি, মানুষের দুঃখ



দৈন্য মুক্ত করবার জন্য ব্রতী হই তা হলে কি ভগবানের করুণা লাভ হয় না? ঐ পাষাণ প্রতিমার পূজার চেয়ে কি জীবন্ত জীবের সেবা শ্রেষ্ঠ নয়? এক জায়গায় চুপ করে বসে থেকে পাষাণ দেবতার পূজা করা কি আলস্য বা জড়ত্বকে প্রশ্রয় দেওয়া হয় না? আমার মা-বাপ খেতে পাচ্ছে না তাদের বিষয় লক্ষ্য না রেখে যদি আমি ঘন্টার পর ঘন্টা ঐ আরতির ঘন্টা বাজিয়ে যাই তাহলে কি মনুষ্যত্যের বাজনা বাজে? কোনটা বড়?''

রামকৃষ্ণদেব ঝাঁজাল সুরে উত্তর দিলেন — ''সবটাই বড় - মা যখন যাকে যেমন রাখে সে তেমনি সেভাবে থাকে - চোর, চুরি করে তার পেটের জন্য, সেটাও যেমন বড়, আবার সাধুরা নিজের আত্মা এবং অন্যের আত্মার মঙ্গলের জন্য মা জগদম্বার কাছে প্রার্থনা করছে সেটা তার কাছে আরও বড়। একজন করে কেবল নিজের জন্য আর একজন করে সবারই জন্য; মা যখন ছোট ঘর থেকে বড় ঘরে নিয়ে যান তখনই সে দেখতে পায় - সবাই তার আপনার জন। অন্তরের আলো ঐ পাষাণ প্রতিমাই জ্বালিয়ে দিতে পারেন; বাড়ীর কর্তাই খবর বলতে পারে, বাইরের লোকে কি তোর হাঁড়ির খবর বলতে পারে? জগৎমাতাই তা দেখাতে পারেন; সৃষ্টিকর্তার সৃষ্টিরহস্য ঐ সৃষ্টিকর্তা ছাড়া কে বোঝাবে তোকে? শিবের পূজা না করলে জীবের পূজা বুঝবি কেমন করে? মায়ের পূজা করলেই সবই যে মায়ের ছেলে - এই রহস্যই বুঝতে পারা যায় - নইলে বলতেই হবে, মিছিমিছি ঘুরবো কত ঐ চোখ বাঁধা বলদের মত? মায়ার আবরণ না কাটলে মায়ের সংসার বোঝা যায় না। মানুষ বা জীবকে সেবা মায়ের করুণা ছাড়া লাভ হয় না।

যার মধ্যে যত বড় আলোর প্রদীপ থাকে সে তত দূরের জিনিষপত্র দেখতে পায় - মিটমিটে আলো দিয়ে কি বড় ঘরের আসবাবপত্র দেখা যায়?

আমিতো ভগবানের পূজা তেমন কিছুই করি না বা বুঝিও না, আমার তবে মানুষের দুঃখ-দৈন্য দূর করবার ইচ্ছা জাগে কেন?

তুই তো ডিগ্রী পেয়েছিস্ আর তো পড়ার দিকে ঝোঁক নেই তাই বোলে কি সে পড়াগুলো ভুলে গেছিস্? যে কোন ইংরাজী বই পড়তে পরবি তো? আবার ও পড়ার চেয়ে আরও কঠিন পড়ার বই পেলে পড়তে ইচ্ছা যাবে তো? কিন্তু মুখ্যু লোক কি সে সব বুঝতে পারবে? এ ব্যাপারও তাই - পূর্ব জন্মের পূজার ফল এ-জন্মে ভোগে আসচে। আর সেই জন্যই তুই আমার কাছে আসিস্ - অন্য সবাই আসে না কেন? দেবতার ভাব জেগে উঠলেই জীবের সেবা জেগে ওঠে। সেই জন্যই বামুনপাড়া আলাদা। মা যেমন রাখেন জন্মান্তরে মানুষ তেমনি পাড়ায় বাস করে। একদিনতো তোকে তাও দেখিয়েছি সে সব কি ভুয়ো? ওসব প্রশ্ন করে লাভ হবে না - তোকে এগিয়ে যেতেই হবে - মায়ের আদেশ কি ব্যর্থ হয়? ঐ শোন আরতির বাজনা বেজে উঠেছে - এগিয়ে আয়।''

বিবেকানন্দ চুপ করে বসেই রইলেন। রামকৃষ্ণদেবের কথায় পূজার মন্দিরে গেলেন না, অভিমানের কান্নায় চোখ দুটো রাঙ্গা জবার মত লাল হয়ে উঠলো। নিস্তব্ধতা ভেঙে কে যেন কানের কাছে বলে উঠল - 'কীরে, এখনও বসে আছিস!'

চমকে উঠে চারিদিকে চেয়ে দেখলেন - কেউতো সেখানে নেই! কে তবে ঠিক রামকৃষ্ণদেবের কথার মতোই প্রশ্ন করলেন?

...ক্রমশঃ

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (২০) : প্রকৃত ক্রিয়ান্বিতকে আমাদের গুরুমহারাজ শ্রীশ্রীবাবা কিভাবে যে বিপদ থেকে রক্ষা করতেন এবং সেই ক্রিয়ান্বিতের জন্যে তার সঙ্গে থাকা বন্ধুবান্ধবেরা যে কিভাবে ভয়ঙ্কর বিপদ থেকে রক্ষা পেয়ে গিয়েছিল তা অমরনাথ মুখোপাধ্যায় ওরফে বাপিদার (শ্রীশ্রীবাবার অন্যতম অন্তরঙ্গ ক্রিয়ান্বিত সন্তান) নিজের জীবনের কোন একটি দিনের ঘটনা তিনি নিজেই এইভাবে আমাকে বিবৃত করলেন।—



'দাদা', লাহিড়ী বাবাকে আমি 'দাদা' বলেই ডাকতাম; উনি আমার কাছে দাদা, গুরু, বাবা ও মা সব কিছুই ছিলেন। পূর্বে সব সময় এবং এখনও আমাকে সর্বদিক দিয়ে রক্ষা করে চলেছেন। তবে এখানে একটি কথা বলা খুবই প্রয়োজন যে গুরুমহারাজের দেওয়া ক্রিয়া আজও আমি খুবই নিষ্ঠার সঙ্গে করি। এবার সে দিনের কথায় আসি।—

আমি বড়বাজারে business করতাম। সেই সুবাদে আমার অনেক আড়তদারের সাথে এবং বড়বাজারের অনেক দোকান মালিকের সাথে গভীর বন্ধুত্ব হয়ে যায়। এইরকম কোনও একটি বন্ধুর বোনের বিয়েতে যাবো বলে আমরা ১১জন মিলে শ্যামবাজার থেকে সারাদিনের জন্যে একটি Tata Sumo টাইপের গাড়ী ভাড়া করি। এই গাড়ীটাতে একটি বিশেষ লক্ষণীয় বিষয় এই ছিল যে গাড়ীটিতে দুটি stepney অর্থাৎ বাড়তি চাকা ছিল। সাধারণতঃ সব গাড়ীতেই একটি করে stepney থাকে সেই কারণে এই ব্যাপারটা যে পূর্ব নির্ধারিত ছিল তা পরে বেশ বোঝাই গেল। আমাদের বিয়ে বাড়ী ছিল হাওড়া-আমতার 'বড়দা' বলে একটি গ্রামে। আমরা সারারাত বিয়ে বাড়ীতে খুব আনন্দের সঙ্গে কাটিয়ে ভোরবেলা রওনা দিলাম। বিয়েটা হয়েছিল শ্রাবণ মাসে ভরা বর্ষার দিনে; সেইজন্যে সবারই খুব ফিরে আসার জন্যে তাড়া ছিল এবং এসে তাদের দোকান খুলতে হবে বলে আমরা সবাই তাড়াতাড়ি সব কাজ সেরে নিলাম। সেইজন্যে আমাদের কথামত গাড়ীর চালক ৯০ থেকে ১০০ কি.মি বেগে গাড়ী চালিয়েছিল। গাড়ীটি যখন প্রায় আমতার কলাতলা মোড়ের কাছে এসে পৌঁছল, ঠিক তখনই গাড়ীটির পিছনের দুটি চাকা একসঙ্গে প্রচণ্ড শব্দ করে ফেটে গেল এবং সঙ্গে সঙ্গে গাড়ীটি তিন পাক চক্রাকারে ঘুরে থেমে গেল। যে জায়গায় চাকা দুটি burst করেছিল সে জায়গাটা ছিল বেশ চওড়া এবং দুপাশে মাঠ, খাল এবং পুকুর, জলে পরিপূর্ণ। চাকা দুটি burst করার সঙ্গে সঙ্গে আমি 'গুরু, গুরু' বলে চিৎকার করে দাদাকে ডাকতে লাগলাম। তখন সকাল প্রায় ৭টা হবে। এইরকম প্রচণ্ড শব্দ শুনে পাশের দোকান, মাঠের এবং পথচলিত মানুষজন সব দৌড়ে এল। তারা ভাবল, বোধহয় গাড়ীর সকলেই মারা গেছে অথবা গুরুতর আহত হয়েছে। কিন্তু আমরা সকলেই যখন গাড়ী থেকে নামলাম, তখন প্রথমে বিশ্বাসই হচ্ছিল না যে আমরা বেঁচে আছি। এই বেঁচে যাওয়ার বোধটা আসতে কয়েক মিনিট লেগে গেল। অদ্ভুত ব্যাপার যে আমাদের গায়ে কোন আঁচড়টি পর্য্যন্ত লাগেনি। আমাদের গাড়ীর পিছনের চাকা দুটি পাঁপড় ভাজা টুকরোর মত হয়ে গিয়েছিল যেহেতু এই দলের মধ্যে আমিই একমাত্র ব্রাহ্মণ ছিলাম, তাই এইভাবে বেঁচে যাওয়ার জন্যে আমার জয়ধ্বনি করতে লাগলো সবাই। কিন্তু আমি জানি গুরু সব সময় অদৃশ্যে থেকে কিভাবে রক্ষা করেন।

তারপর শীঘ্র গাড়ীর চাকা দুটি লাগিয়ে আমরা রওনা হলাম। তারপর সকলেই বড়বাজারে তাদের দোকান খুলতে চলে গেল এবং আমি সোজা এসে গুরুদেবের পায়ে পড়লাম। বাবা ভাবস্থ হয়ে হাসতে হাসতে আমায় বললেন, ''বাপি, ভয় কি তোর? আমি তো সঙ্গে সঙ্গেই থাকি।''

সদ্‌গুরু হন প্রেমস্বরূপ। ভক্ত ও শিষ্যের জন্যে সদ্‌গুরুর মধ্যে যে নিঃস্বার্থ ভালবাসা নিহিত থাকে তা জাগতিক ও আধ্যাত্মিক অনুভূতির মধ্যে দিয়ে শিষ্যভক্তগণ বোধগম্য করতে সক্ষম হন। সদ্‌গুরুর সঙ্গে হৃদয়ের সম্বন্ধ স্থাপন হলে পরেই তখন সদ্‌গুরু শিষ্যকে আলোর পথে, প্রাণের পথে টেনে নেন। তখনই শিষ্য সদ্‌গুরুকে জীবনের প্রতি পদক্ষেপে অনুভব করতে সক্ষম হয়। অন্যথা, কবিগুরুর ভাষায় বলি ''সংসার যবে মন কেড়ে লয় জাগে না তখন প্রাণ।'' *...ক্রমশঃ*

—পিতৃচরণাশ্রিত শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়
শিবপুর, হাওড়া

হেমকুণ্ডের পথে
(১)

কেদার থেকে বদরী প্রবাদ পথের পরিক্রমার শেষে যেন নতুন করে ভালোবেসে ফেললাম গাড়োয়াল হিমালয়কে। বদরী থেকে ফিরে আসার পথেই মনে ধরেছিল জায়গাটা। তখনই ঠিক করেছিলাম মায়ের আশীর্বাদ নিয়ে আসতে হবে এখানে। গন্তব্য হেমকুণ্ডসাহিব - ভ্যালি ওফ্ ফ্লাওয়ার্স। শ্রীশ্রীমায়ের কৃপা আর আমাদের গুরুপরম্পরার মাহাত্ম্যের প্রত্যক্ষ প্রমাণ পেয়েছি প্রবাদ পথে ভ্রমণের প্রতিক্ষণে। কলকাতায় ফিরেই তাই ছুটে গিয়েছিলাম আশ্রমে - শ্রীশ্রীমায়ের অনুমতি নিতে। আমার হেমকুণ্ড সাহিব যাওয়ার আবেদনে প্রথমে মা শুধু হেসেছিলেন। বড় স্নেহের মধুর সেই হাসি। সেই হাসিতে ছিল নীরব প্রশ্রয়, অনুমতি আর সর্বোপরি আশীর্বাদ। সেদিন আর কিছুই বলেন নি মা। দিন এগিয়ে আসে। আমার যাওয়ার দিন ঠিক হয় ২রা জুন, ২০০৮। যাওয়ার কিছুদিন আগে আবার যাই মায়ের কাছে। আমার ব্যবস্থাপনার কথা শুনে মা শুধু বলেন, ''চলার পথে কখনও কোনো সময় কেউ যদি তোকে থামতে বলে বা যদি মনে হয় থামা উচিত তবে সেদিন সেইক্ষণে সেখানেই থেমে যাবি। সাময়িক বিরতি নিয়ে ফের চলা শুরু করবি। জানবি সেটাই আমার ইচ্ছা — আমার নির্দেশ।'' মায়ের আশীর্বাদ নিয়ে শুরু করি পথচলা। দুন এক্সপ্রেস নির্দিষ্ট সময়েই আমাকে পৌঁছে দিল হরিদ্বার। উঠলাম ভারত সেবাশ্রম সংঘে। এখানে একদিনের বিরতি। পরদিন থেকে শুরু হবে পথচলা। গন্তব্য হেমকুণ্ড - ভ্যালি ওফ্ ফ্লাওয়ার্স।



হেমকুণ্ডসাহিব

মায়ের নাম নিয়ে সকাল সকাল উঠে বসি বদরীগামী বাসে, ইচ্ছা প্রথমে যাব বদরীনাথ। ফেরার পথে গোবিন্দঘাট নেমে যাব হেমকুণ্ড। হেমকুণ্ড যেতে গেলে প্রথমে নামতে হয় গোবিন্দঘাট। সেখান থেকে পাহাড়ী রাস্তায় ১৩ কিলোমিটার পথ চড়াই উৎরাই পেরিয়ে পৌঁছতে হবে ঘাংঘারিয়া। ঘাংঘারিয়া থেকে সাড়ে ছয় কিলোমিটার পথ পাড়ি দিয়ে পৌঁছতে হয় ১৫,২১০ ফুট উচ্চতায় হেমকুণ্ডসাহিবে। আর অপর দিকে ঘাংঘারিয়া থেকে সাড়ে তিন কিলোমিটার পথ পেরিয়ে যেতে হয় ফুলের জলসা — ভ্যালি ওফ্ ফ্লাওয়ার্সে। বাস ছাড়ল নির্ধারিত সময়েই। হৃষীকেশ পেরিয়ে বাস এসে থামল দেবপ্রয়াগে। সেখানে সাময়িক বিরতি শেষে ফের পাহাড়ী পথে ঘুরে ঘুরে বাস এসে পৌঁছাল রুদ্রপ্রয়াগে। এখান থেকে অলকানন্দার গিরিখাত ধরে পৌঁছবে বদরীপুরী। রুদ্রপ্রয়াগে মধ্যাহ্নভোজ সেরে ফের উঠে বসি বাসে। বাসের যাত্রী ৩৫ জন। পথে একাধিকবার দাঁড়ানোর ফলে যোশীমঠ পৌঁছতে না পৌঁছতেই সন্ধ্যা নামল। রাত্রে এই পথে যানবাহন চলাচল বন্ধ থাকে। কাজেই সেই রাত্রে যোশীমঠেই যাত্রা বিরতি। একরাত যোশীমঠে কাটাতে গেলে অতিরিক্ত অর্থ খরচ যা আমার হিসেবের মধ্যে ছিল না। তাই কাছের চটিতে দুটো রুটি দিয়েই নৈশভোজ সারলাম। তারপর বেরোলাম রাতের আশ্রয়ের খোঁজে। হোটেলে ন্যুনতম ঘরভাড়া ৮০০-১০০০/- টাকা। কাছাকাছি ওই রাত্রে কোনো ধর্মশালাও চোখে পড়ল না। আবার বাসস্ট্যাণ্ডের কাছাকাছিই থাকতে হবে না হলে ভোরবেলায় বাস ধরতে পারব না। শ্রীশ্রীমায়ের নাম নিয়ে পথে নামি ঘরের খোঁজে। হঠাৎই একটা ডাক শুনে পিছনে ফিরে তাকাই, দেখি এক বৃদ্ধ হাতছানি দিয়ে ডাকছেন আমাকে। ঘর খুঁজছি শুনে তিনি এগিয়ে দেন একটা চাবি। তাঁর পিছন পিছন চলে সামনের টিলার উপরে একটা কাঠের বাড়িতে এসে উঠি। সকালবেলাতেই চলে যাব শুনে বলেন চাবিটা যাবার সময় সামনের বারান্দার থামের উপর রেখে যেতে। ঘরভাড়া ৩০০ টাকা। দরজা খুলে আলো জ্বালিয়ে দিয়ে চলে গেলেন। গাড়োয়ালি বৃদ্ধ মানুষটি। ঠাণ্ডায় কাবু হয়ে ঘরের দরজা দিয়ে আমিও শুয়ে পড়ি স্লিপিং ব্যাগের মধ্যে। ঘুমভাঙে হাতঘড়ির অ্যালর্মের শব্দে। তড়িঘড়ি উঠে হাতমুখ ধুয়ে দরজা খুলে বেরিয়ে আসি। বাইরে তখনও অন্ধকার। ধীরে ধীরে রং লাগছে সামনের হাতি পর্বতে। দরজায় তালা দিয়ে চাবি রাখি বারান্দায় থামের উপর। পায়ে পায়ে এগিয়ে যাই বাসস্ট্যাণ্ডের দিকে। সামনের চায়ের দেকানে তখন সবে ঝাঁপ খুলেছে এত ভোরে আমাকে দেখে একটু অবাকই হল দেকানী। রাত্রে কোথায় ছিলাম জানতে চাইলে দেখিয়ে দিই

সামনের টিলার দিকে। বলি গতরাতের সহৃদয় বৃদ্ধের কথা, কাঠের বাড়ীর কথা। টিলার উপরে কাঠের বাড়ীর কথা শুনে একটু অবাক হয়েই তাকাল দোকানী। তারপর বৃদ্ধের কথা শুনে হাত জোড় করে বলেন হিমালয়ের এই অঞ্চলে ঘুরে বেড়ান মহাত্মাদের কথা। বিপদগ্রস্ত মানুষের সাহায্যে তাঁরা সদা সচেষ্ট। কথা প্রসঙ্গে এসে পড়ে আমার গুরুপরম্পরার কথা। আমার সঙ্গে থাকা বাবাজী মহারাজের ছবি দেখে জানতে চান আমার সঙ্গে তাঁর কি সম্পর্ক? উনিই আমার গুরু পরম্পরার মহাগুরু শুনে তিনি বলেন গত রাত্রে আমার আশ্রয় দাতা বৃদ্ধ মানুষটিও একই গুরুকুলের ঘরানার মানুষ। মনে পড়ে মায়ের কথা, মার ইচ্ছাতেই আমার এখানে রাত কাটানো। আমার রাত্রিকালীন আশ্রয় লাভ। মন আর্দ্র হয়ে আসে মায়ের করুণার পরিচয় পেয়ে। পায়ে পায়ে বাসে এসে উঠি। বাস ছাড়ে ঠিক সাড়ে পাঁচটায়। ৩৫ জন যাত্রীর মধ্যে তিন জন তখনও অনুপস্থিত। তাদের বাদ দিয়েই বাস এগিয়ে চলে পাণ্ডুকেশ্বরের দিকে, ৩২ জন যাত্রীকে সঙ্গে নিয়ে। পুবের আকাশে তখন লালের ছোপ, আর বিপরীতে হাতি পর্বতের তুষার ধবল চূড়া। বাস এগিয়ে চলে। সামনেই পৃথিবী বিখ্যাত অলকানন্দা গিরিখাত। হঠাৎই চোখ পড়ে হাতি পর্বতের মাথায়, নীল আকাশের গায়ে সাদা মেঘের খেলা। টুকরো টুকরো মেঘ ধীরে ধীরে আদল নিয়েছে এক মনুষ্য অবয়বের, যেন হাতছানি দিয়ে কিছু বলতে চাইছে আমায়। মনে পড়ল শ্রীশ্রীমায়ের কথা— ''যখনই পথের মধ্যে কেউ তোকে থামতে বলবে কিম্বা তোর যদি মনে হয় কেউ তোকে কিছু বলছে তা সে মানুষ, পশুপাখী, গাছপালা, প্রকৃতি যেই হোক না কেন, জানবি সেটাই আমার নির্দেশ, আমার ইচ্ছা।'' চকিত সিদ্ধান্ত নিই - বদরী নয় আমাকে নেমে যেতে হবে গোবিন্দঘাটেই। সেইমত বাসের চালক আর কণ্ডাক্টর ভাইকে বলি আমি গোবিন্দঘাটেই নেমে যাব। ওরা একটু অবাকই হয়। বলে, ''আপনার তো বদরী পর্যন্ত টিকিট কাটা!'' আমি বলি, ''তা হোক। আমি নেমে যাব গোবিন্দঘাটেই।'' মায়ের নির্দেশে আর ইচ্ছায় আমার কথা মত ওরা আমাকে গোবিন্দঘাটে নামিয়ে দিয়ে চলে যায় বদরীনাথের দিকে। বাসস্টপ থেকে প্রায় আধ কিলোমিটার পথ হেঁটে আমি উপস্থিত হই গোবিন্দঘাটের গুরুদ্বারে। নিজের পরিচয় দিয়ে বলি হেমকুণ্ড যেতে চাই। তাই কিছু জিনিসপত্র রাখা দরকার ক্লোকরুমে। আমার কথা শুনে গুরুদ্বারের সর্দারজী জানতে চান আমি কলকাতা থেকে আসছি কিনা। তারপর নিজেই বলে যান আমার নাম ঠিকানা। আমি শুধু সম্মতি সূচক ঘাড় নাড়ি সর্দারজী আমাকে বসতে বলেন। কিছুক্ষণ পরে পাঁচজন ভারতীয় সেনা অফিসার আমার কাছে এসে জানতে চান আমার এখানে আসার উদ্দেশ্য, দেখতে চান আমার পরিচয় পত্র। সবকিছু দেখার পর আমার গোবিন্দঘাটে হঠাৎ করে নেমে যাওয়ার কারণ জানতে চান। উত্তরে আমি আমার অনুভূতির কথা, শ্রীশ্রীমায়ের নির্দেশের ইচ্ছার কথা জানাই। শুনে ওই সেনা অফিসাররা জানান আপনার গুরুমার কৃপায় আপনি এ-যাত্রা প্রাণে বেঁচে গিয়েছেন। কারণ, আপনি গোবিন্দঘাটে বাস থেকে নেমে যাওয়ার দশ মিনিট পর বাসটি খাদে পড়ে যায়। ৩১ জনকে মৃত অবস্থায় উদ্ধার করেছে সেনারা। বাসের চালক আর কণ্ডাকটারকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করা হয়েছে। কিন্তু তাদের কাছে ওই বাসের যাত্রীদের যে তালিকা ছিল তাতে ৩৫জন যাত্রীর উল্লেখ ছিল। তাই বাকি চারজনের খোঁজ তাঁরা পাচ্ছিলেন না। আমি তাদের আশ্বস্ত করি ওই চারজনের একজন আমি, আর বাকি তিনজন যোশীমঠেই রয়ে গিয়েছেন। তারা অত সকালে বাস স্ট্যাণ্ডে এসে না পৌঁছানোয় তাদের বাদ দিয়েই বাসটি যাত্রা শুরু করেছিল। সব শুনে তাঁরা জানতে চান আমি এখনি ঘাংঘারিয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু করতে চাই কিনা। ততক্ষণে মায়ের আশীর্বাদ আর রক্ষাকবচের সন্ধান আমি পেয়ে গিয়েছি। জানি আমার এবারের যাত্রা সফল হবেই শ্রীশ্রীমায়ের ইচ্ছাতে । কাজেই একপ্রকার নিশ্চিন্ত হয়েই তাদের জানাই, ''অবশ্যই এখনি আমি যাত্রা শুরু করব ঘাংঘারিয়ার দিকে।'' সেইমত গুরুদ্বারের রেজিস্টারে নাম নথিভূক্ত করে এগিয়ে চলি। সামনেই লক্ষণ গঙ্গার সেতু, তারপর শুরু শুধু চড়াই পথে পাহাড়ে চড়া।

হৃষীকেশের একটি মন্দির

...ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিত শ্রীসৌরভ বসু

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(৮)

গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুগুরুর্দ্দেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৩৩

গুরুর্ব্রহ্মা, গুরুর্বিষ্ণুঃ গুরুর্দ্দেবঃ মহেশ্বরশ্চ, গুরুরেব পরং ব্রহ্ম, তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৩৩

গুরুই ব্রহ্মা (সৃষ্টি কর্ত্তা) — এই দেহের সত্তা ছিল না, দেহের সৃষ্টি করিয়া জীবকে তন্মধ্যে রাখিয়া তিনি জীবসৃষ্টি করিলেন, (জেনিসিস্ ২য় অঃ, ৭ম শ্লোক দেখ); গুরু বিষ্ণু — পালক কর্ত্তা — অর্থাৎ প্রতিঘটে কূটস্থরূপে বিরাজ করিয়া তিনি জীবের দেহসত্তা এবং জীবসত্তা রক্ষা করিতেছেন; এবং গুরু মহেশ্বর — সৃষ্টি পরিশেষে অক্ষরব্রহ্মে গিয়া মিলাইয়া যাইতেছে, সে কারণ কূটস্থ ব্রহ্মকে দ্বিবাহু ঈশ্বর বলা হয় (গীতা ১৮ অঃ ৬১ শ্লোক এবং ভূমিকায় গুরুধ্যান দেখ); অর্থাৎ এক বাহুর দ্বারা মায়ার সৃষ্টি করিয়া দৃশ্যমান জগতের সৃষ্টি হইয়াছে, এবং অপর বাহুর দ্বারা শিব স্বরূপ রূপবর্জ্জিত নিজরূপে গিয়া সৃষ্টির লয় করিতেছেন; গুরু দেবরূপী - দিব্ অর্থে আকাশ শূন্য স্বরূপ আকাশে শূন্যবৎ অবস্থায় স্থিতি বলিয়া তিনি দেব; গুরুই পরম ব্রহ্ম - অক্ষরব্রহ্ম সকলের পরপারে আছেন বলিয়া তিনি পরমব্রহ্ম (ইহা সাধন করিয়া সাধনের পরাবস্থায় গিয়া পুনরায় পরাবস্থার পরাবস্থায় আসিয়া সমস্ত উপলব্ধি হয়); সে কারণ শ্রীগুরুকে নমস্কার।।

অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরুবে নমঃ।।৩৪

অখণ্ডং (সর্ব্বত্র একেনৈব অখণ্ডরূপেণ প্রতীয়মানং) মণ্ডলাকারং (মণ্ডলাকারবিশিষ্টং) চরাচরব্যাপ্তং (গুরো র্যৎ পদং) তৎপদং যেন (গুরুণা) দর্শিতং তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৩৪

অখণ্ড (সর্ব্বত্র একইরূপে অখণ্ডভাবে প্রতীয়মান), চরাচরব্যাপ্ত, মণ্ডলাকারে প্রকাশমান গুরুপদ (গুরুর স্থিতিস্থান) যিনি দেখাইয়া দেন, এমত গুরুকে নমস্কার।।৩৪

এই মণ্ডলাকাররূপে প্রতীয়মান দেহ গুরুর সূক্ষ্মদেহ বলিয়া কথিত হয়। জড়সম্পর্কে জীব জড়দেহ অবলম্বনে জড়ের সহিত লিপ্তভাবে থাকে, এবং জড়দেহ ছাড়িয়া এতাদৃশ সূক্ষ্মদেহ অবলম্বনে জীব জড় সম্পর্কে থাকিয়াও নির্লিপ্তভাবে কার্য্য করে। ঈদৃশ সূক্ষ্মদেহ ব্রহ্মের হিরণ্ময়বপু বলিয়া কথিত হয়। যিনি সেই হিরণ্ময়-বপু অবলম্বনে কার্য্য করিতেছেন, তাঁহাকে জড় শরীরধারী গুরু বলা হয়। তিনি গুরুপদবাচ্য, কারণ তিনি জড় শরীর ধারণ করিয়াও তদ্রূপ শরীর বশে কোন কার্য্য করেন না, সুতরাং শরীরের সংস্কার তাঁহাকে অধিকার করে না। এইরূপ সূক্ষ্ম শরীরের অধিষ্ঠাতৃ দেবতা হইতেছেন ব্রহ্ম, তাঁহাকে সূক্ষ্মাণু বলা হয়, কারণ তিনি সূক্ষ্ম শরীর মধ্যে অণুস্বরূপে আছেন। এই শরীর ছাড়িয়া তাঁহার সূক্ষ্মাণু সূক্ষ্মে গিয়া লয় হয়, তখনই সৃষ্টির স্বরূপ ঘুচিয়া ব্রহ্মস্বরূপের প্রতিষ্ঠা হয়।

অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৩৫

অজ্ঞানরূপং তিমিরং তেন অন্ধঃ যো জনঃ, তস্য চক্ষুঃ যেন (গুরুণা) জ্ঞানরূপয়া অঞ্জনশলাকয়া উন্মীলিতং, তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৩৫

অজ্ঞানরূপ তিমিরের দ্বারা সমাচ্ছন্ন হইয়া অন্ধভাবে অবস্থান করিতেছে যে ব্যক্তি, তাহার চক্ষু জ্ঞানরূপ অঞ্জনশলাকার দ্বারা যিনি উন্মুক্ত করিয়াছেন, তাদৃশ শ্রীগুরুকে নমস্কার।।৩৫

অজ্ঞানরূপ জগৎসম্পর্কে আসিয়া জীব নিজ চক্ষু হারাইয়াছে, এবং জড়চক্ষু অবলম্বনে জড়সেবায় নিযুক্ত রহিয়াছে। কূটস্থপদের দর্শন লাভ করিয়া জীবের তৃতীয় নেত্রের স্ফুরণ হইল; ইহাকে জ্ঞানচক্ষু বলে, অর্থাৎ জড় চক্ষুর দ্বারা জড় সত্য এবং সূক্ষ্ম মিথ্যা ইহাই প্রতীয়মান হইতেছিল — ইহাই অজ্ঞান, এক্ষণে সূক্ষ্ম সত্য এবং জড় মিথ্যা, ইহা অনুমিত হইল — ইহাই জ্ঞান। অনজ অর্থে দীপ্তি পাওয়া, যে চক্ষু স্ফুরণ হইল উহা জ্ঞানস্বরূপ, উহা জাগতিক সম্পর্কে আসিয়া জাগতিক কালিমা দীপ্তিমান হইল, সুতরাং জাগতিক তমঃ ঘুচিতে লাগিল, এবং সেই জ্ঞানচক্ষু অঞ্জনশলাকার মত কার্য্য করিতে লাগিল, অর্থাৎ কূটস্থধ্যানে থাকিয়া জাগতিক কার্য্য করায় ক্রিয়ার পরাবস্থায় সর্বজ্ঞান সম্পন্ন ভাব হইল, সে কারণ কূটস্থনির্গত কূটস্থরশ্মি তিমিরনাশ করে বলিয়া উহাকে তিমিরভেদীশলাকা বলা হয়। (জন ৯ম অঃ -৬,৭ শ্লোক দেখ) *...ক্রমশঃ*

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও
সর্বসত্ত্ব সংরক্ষিত)

যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব

অষ্টবিংশ পর্য্যায়—

রাজোবাচ

শ্লোক :— *ভগবন্ কা হি সা দেবী মহামায়েতি যাং ভবান্।*
ব্রবীতি কথমুৎপন্না সা কর্ম্মাস্যাশ্চ কিং দ্বিজ।।৪৩
যৎ স্বভাবা চ সা দেবী যৎস্বরূপা যদুদ্ভবা।
তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি ত্বত্তোব্রহ্মবিদাংবর।।৪৪

শব্দার্থ :— ব্রবীতি - বললেন, উৎপন্না - আবির্ভূতা, যৎস্বভাবা - যেরূপ স্বভাবযুক্তা, যৎস্বরূপা - যেরূপ আকৃতি বিশিষ্টা, যৎউদ্ভবা - যে নিমিত্ত আবির্ভূতা, ব্রহ্মবিদাংবর - ব্রহ্মজ্ঞগণের শ্রেষ্ঠ।

বাংলা শ্লোকার্থ :— রাজা বললেন - 'হে ব্রহ্মবিদ্বর দ্বিজ! সেই দেবী যেরূপ স্বভাব বিশিষ্টা, যেরূপ আকৃতি বিশিষ্টা এবং যে নিমিত্ত আবির্ভূতা হন, সেই সকল তত্ত্ব আপনার নিকট শুনতে ইচ্ছা করি।

যৌগিক ব্যাখ্যা :— অধিক সময় ধরে একাগ্রচিত্তে আত্মমগ্ন মহর্ষি মেধসের কথামৃত শুনে রাজা সুরথ মুগ্ধ হলেন। ব্রহ্মজ্ঞ গুরুর নিকট দেবী মহামায়ার স্বরূপ জ্ঞাত হবার আগ্রহে তিনি ব্যাকুল হয়ে পড়েছেন। এইরূপ ভগবান স্বরূপ সদ্‌গুরুর নিকটই ভগবৎতত্ত্ব তথা ব্রহ্মতত্ত্ব জানার সুযোগের সদ্ব্যবহার করার জন্য তিনি শ্রদ্ধাশীল হয়ে তাঁকে 'ব্রহ্মবিদ্বর' বলে সম্বোধন করে জিজ্ঞাসু চিত্তে আপন কৌতুহল নিবারণ প্রচেষ্টায় ব্রতী হলেন। অধ্যাত্মচেতনায় বলা যায় যে যোগী যদি সম্প্রজ্ঞাত ও অসম্প্রজ্ঞাত সমাধিযোগে (সমাধিস্থ হয়ে) সুউচ্চ চেতনার স্তরে অর্থাৎ বিজ্ঞানভূমিতে অবস্থান করতে পারেন তবে পরবর্তী পরাবস্থায় যোগীর মধ্যে মাতৃতত্ত্ব তথা প্রকৃতিতত্ত্ব (মহত্তত্ত্ব) এবং আত্মোপলব্ধির সমস্ত তত্ত্ব ধীরে ধীরে তাঁর অন্তর চেতনায় প্রজ্ঞারূপে উন্মীলিত হয়। তাই জীবাত্মার প্রতিভূ রাজা সুরথ মহামায়ার শক্তির মহিমা সম্বন্ধে কিছু অনুধাবন করে তাঁর বিষয়ে আরও কিছু তথ্য জানার জন্য উদ্‌গ্রীব হয়েছেন। ব্রহ্মজ্ঞ গুরুর সান্নিধ্যে ব্রহ্মবিদ্যা অনুশীলনে ব্রহ্মজ্ঞানের বিকাশ হতে শুরু করলেই সাধকযোগীর এই প্রকার আগ্রহশক্তির বিকাশ হয় এবং ক্রমশঃ প্রকৃত সত্য উদ্‌ঘাটনে পার্থিব জীবনের দুঃখকষ্ট ও মোহজনিত দুঃশ্চিন্তা ধীরে ধীরে অপসৃত হয়। যে মহামায়া ঐন্দ্রজালিক মায়াশক্তির মোহে মানুষ মুগ্ধ হয়ে সংসারে আবদ্ধ থাকে, সেই দেবী মহামায়ার প্রকৃত স্বরূপ বিশেষভাবে জানার জন্য এই সমস্ত প্রশ্নের অবতারণা — এই দেবী কে? তিনি কেন উৎপন্না হন, তাঁর কর্ম কি, স্বভাব ও স্বরূপ কেমন?

ঋষিরুবাচ

শ্লোক :— *নিত্যৈব সা জগন্মূর্ত্তিস্তয়া সর্ব্বমিদং শুভম্।*
তথাপি তৎ সমুৎপত্তির্বহুধা শ্রূয়তাং মম।।৪৫।।
দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থমানির্ভবতি সা যদা।
উৎপন্নেতি তদা লোকে সা নিত্যাপ্যভিধীয়তে।।৪৬।।

শব্দার্থ :— নিত্য - জন্মমৃত্যুরহিত, জগন্মূর্ত্তি - বিশ্বরূপা, সমুপত্তি - আবির্ভাব, অভিধীয়তে - অভিহিত হন।

বাংলা শ্লোকার্থ :— ঋষি বললেন, ''মহামায়া জন্মমৃত্যু রহিতা; সমগ্র বিশ্বই তাঁর মূর্তি। তিনি সর্বত্র পরিব্যাপ্তা হলেও তাঁর বিভিন্ন আবির্ভাবের কথা বলছি, শোন। তিনি দেবতাদের কার্য্যসিদ্ধির জন্য যখন আবির্ভূতা হন, তখন নিত্যা হলেও তাঁকে উৎপন্না বলা হয়।''

যৌগিক ব্যাখ্যা :— সুরথের প্রশ্নে মেধা ঋষি উত্তর দিলেন, ''মহামায়া জন্মমৃত্যু রহিতা, অর্থাৎ তাঁর উৎপত্তি বিনাশ নাই। ইন্দ্রিয় গ্রাহ্য বিষয়ের উৎপত্তি, বৃদ্ধি, বিনাশ থাকে। কিন্তু তাঁর অতি অতীন্দ্রিয় সত্ত্বা হেতু তিনি গুণাতীতা, রূপাতীতা ও জ্ঞানাতীতা রূপে সকলের মাঝে বিরাজিতা। আত্মজ্ঞ গুরু কৃপা করে শিষ্যের জ্ঞানচক্ষু উন্মীলন করলে শিষ্য মনশ্চক্ষে অতি-অতীন্দ্রিয় দিব্য স্তরে উপনীত হয়ে মহামায়ার প্রকৃত স্বরূপ দর্শন করে ধন্য হয়। সমগ্র বিশ্ব মহামায়ার প্রতিমূর্ত্তি হলেও সাধারণে স্থূল দৃষ্টিতে এবং মায়া মোহ ভ্রান্তিতে আবদ্ধ থাকে বলে তা অনুভব করতে পারে না। যোগীসাধক নিজেকে আত্মসাধনায় সমর্পিত প্রাণে নিয়োজিত করলে পরে মাতৃমহিমার এই বিশ্বরূপই শুধুমাত্র দর্শন করেন না, সেই সঙ্গে বিশ্বের প্রতি স্থূল পদার্থেও যে মহামায়ার চৈতন্য জড়িত আছে, তাও অনুভব করেন।

অসুরদের অত্যাচারে দেবতাবৃন্দ যখন চরম উৎপীড়িত হন, তখন সমবেতভাবে জগৎজননীর আবির্ভাবের জন্য প্রার্থনা করলে তারই ফলশ্রুতি হিসাবে মহামায়া প্রকটিতা হন। তাঁর এই দিব্য আবির্ভাব লোকচক্ষে 'উৎপন্না' বলে অভিহিত হয়। কেবল দেবকার্য্যোদ্ধারের নিমিত্ত তাঁর এই উৎপত্তি। যোগচেতনায় বলা যায়, 'ইন্দ্রিয়াধিষ্ঠিত চৈতন্যই

দেবতা'। সত্তার বক্ষে প্রকাশিত পঞ্চভৌতিক দৃশ্যমান জগৎই যে মহামায়ার প্রকটিত রূপ, ইহা উপলব্ধি না করে যখন শুধুমাত্র জাগতিক বস্তু জগৎকেই ইন্দ্রিয়বৃন্দ গ্রহণ করে, তখন এই দেবতাগণ অত্যাচারিত হয়ে (অর্থাৎ ইন্দ্রিয় মধ্যে অধিষ্ঠিত চৈতন্যরূপীশক্তি তখন উপেক্ষিত হয়) মহামায়ার (অর্থাৎ, আত্মচৈতন্যের চিতি শক্তির) শরণাপন্ন হন। দেবতাদের ভক্তির আকর্ষণে মহামায়া তখন তাঁদের প্রতি কৃপাবর্ষণ করেন এবং যোগী মাতৃকৃপায় বলীয়ান হয়ে আসুরিক ভাবরাশিকে দমিত করতে সমর্থ হয়। *.....ক্রমশঃ*

—অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায় (অবসরপ্রাপ্ত)
বহরমপুর কলেজ, মুর্শিদাবাদ

মাতৃ সাধনা যুগে যুগে

"ওঁ মহিষমর্দির্নৈ বিদ্মহে দুর্গায়ৈ চ ধীমহি, তন্নো দেবী প্রচোদয়াৎ।"

(১) প্রথমে সৃষ্টির পূর্বে গোলকে রাস মণ্ডলে দুর্গার পূজা করেন শ্রীকৃষ্ণ।

(২) মধু-কৈটভের ভয়ে ভীত হয়ে দ্বিতীয় বার পূজা করেন ব্রহ্মা।

(৩) ত্রিপুর জয়ের জন্য তৃতীয় বার পূজা করেন ত্রিপুরারী।

(৪) দুর্বাসার ভয়ে ভীত হয়ে চতুর্থ বার পূজা করেন ইন্দ্র।

(৫) রাবণ বধের জন্য পঞ্চম বার পূজা করেন রামচন্দ্র।

কল্পান্তরে মেধস শিষ্য সুরথ নদীতীরে মৃন্ময়ী প্রতিমাতে পূজা করে সাবর্ণী মনু নামে খ্যাত হন। বৈশ্য সমাধি পুষ্কর তীর্থে দুর্গার পূজা করেন এবং দুষ্কর তপস্যায় সিদ্ধিলাভ করে দুর্গার বরে স্বর্গ লাভ করেন।

"সানুষা মনুজব্যাঘ্র সাভিলাষাঃ সুতান্ প্রতি।
লোভাৎ প্রত্যুপকারায় নম্বেতে কিংনপশ্যসি।।
তথাপি মমতা বর্ত্তে মোহ গর্ত্তে নিপাতিতাঃ।
মহামায়া প্রভাবেন সংসার স্থিতি কারিনঃ।।
তন্নাত্র বিস্ময়ঃ কার্য্যো যোগ নিদ্রা জগৎপতেঃ।
মহামায়া হরে শ্চৈতওয়া সম্মোহ্যতে জগৎ।।
জ্ঞানিনামপি চে তাংসি দেবী ভগবতী হিসা।
বলদাকৃষ্য মোহায় মহামায়া প্রযচ্ছতি।।
তয়া বিসৃজ্যতে বিশ্বং জগদেতচ্চরা চরম্।
সৈষা প্রসন্না বরদা নৃনাং ভবতিমুক্তয়ে।।
সাবিদ্যা পরমা মুক্তেহেতু ভুতা সনাতনী।
সংসার বন্ধহেতুশ্চসৈব সর্ব্বেশ্বরেশ্বরী।।"

মানুষ মা-মহামায়ার প্রভাবে বৃদ্ধ বয়সে প্রত্যুৎপকারের লোভে পুত্রাদির প্রতি স্নেহ পরায়ণ হয়ে থাকে। তথাপি সংসারের স্থিতিকারিণী মহামায়ার প্রভাব অর্থাৎ জগতের পালন কর্ত্তা বিষ্ণুর-মহামায়া প্রভাবে তবুও মানুষ মমতার ঘূর্ণিপাকে ও মোহরূপ গর্ত্তে নিপতিত হয়। এই মহামায়াই জগৎপতি-বিষ্ণুর যোগ-নিদ্রা, অর্থাৎ তমঃ প্রভাবা শক্তি। কাজেই তাঁর দ্বারা এই বিশ্ব মোহিত হয়ে আছে, এতে আশ্চর্য্য হওয়ার কি আছে! মানুষতো দূরের কথা স্বয়ং ভগবান হরি পর্যন্ত যাঁকে আশ্রয় করে নিদ্রা যান, তাঁর দ্বারা জীব সকল মোহিত হলে এতে বিস্মিত হওয়া উচিত নয়। সেই দেবী-মহামায়া ভগবতী বলপূর্বক জ্ঞানীগণেরও চিত্ত আকর্ষণ মোহাবৃত করে রেখেছেন। তাঁর দ্বারা এই বিশ্ব ব্রহ্মাণ্ড সৃষ্টি হয়েছে। তিনি প্রসন্না ও বরদা হলে মানুষকে মুক্তি লাভের জন্য অভিষ্ট বর প্রদান করেন। তিনি মুক্তির উপায়-স্বরূপ ব্রহ্ম বিদ্যা আদি-অন্ত বিহীনা ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর প্রভৃতির ঈশ্বরী, আবার তিনিই সংসার বন্ধনের হেতু অবিদ্যা বা মায়া।

"প্রথমং শৈলপুত্রীতি দ্বিতীয়ং ব্রহ্মচারিণী।
তৃতীয়ং চণ্ডঘন্টেতি কুষ্মাণ্ডেতি চতুর্থকম্।।
পঞ্চমং স্কন্দমাতেতি ষষ্ঠং কাত্যায়নী তথা।
সপ্তমং কাল রাত্রীতি মহাগৌরীতি চাষ্টকম্।।
নবমং সিদ্ধিদাত্রীতি নবদুর্গা প্রকীর্ত্তিতাঃ।।"

নবদুর্গার নবম রূপই সিদ্ধিদাত্রী। তিনি সকল ভক্তগণকে সিদ্ধিপ্রদান করে থাকেন। দনুজপুত্র রম্ভ ও করম্ভ মহা পরাক্রান্ত দুই দানব প্রধান ছিলেন। ওদের কোন পুত্র সন্তান ছিল না, দুইজনে পুত্র কামনায় পঞ্চ নদের পবিত্র জলে বহুবর্ষ কাল অগ্নিদেবের তপস্যা করতে লাগলেন। করম্ভ জলে প্রবেশ করে তপস্যা করতে লাগলেন ও রম্ভ বট বৃক্ষের উপরে তপস্যা করতে লাগলেন। ইন্দ্র ওদের

তপস্যার কথা অবগত হয়ে কুম্ভীর রূপ ধারণ করে করম্ভকে জলের মধ্যে টেনে নিয়ে মেরে ফেললেন। রম্ভ ভ্রাতার মৃত্যু সংবাদ জানতে পেরে নিজ মস্তক কেটে ফেলতে উদ্যত হলে, অগ্নিদেব আবির্ভূত হয়ে মরতে নিষেধ করলেন এবং বর চাইতে বললেন। রম্ভ তখন বললেন, ''হে ভগবন্ যদি আমার উপর প্রসন্ন হয়ে থাকেন তবে আমার অভীষ্ট বর প্রদান করুন যেন ত্রৈলোক্য বিজয়ী শিবাংশ সম্ভূত একটি পুত্র হয়।'' ''তথাস্তু'' বলে অগ্নিদেব অন্তর্হিত হলেন। অগ্নির কাছে বর পেয়ে রম্ভ আনন্দচিত্তে যক্ষগণ পরিবৃত সুশোভিত পরম রমণীয় এক বাগানে প্রবেশ করল। সেই বাগানে সুরূপা এক মহিষীকে দেখতে পেল। সেই সুরূপা রমণী মহিষ-অসুরের কন্যা।

সেই কন্যা সেই বাগানে সখীদের সঙ্গে খেলা করছিল। কন্যাকে দেখে রম্ভাসুর মুগ্ধ হয়ে তাকে বিয়ে করার প্রস্তাব করল। মহিষ-কন্যা আনন্দ চিত্তে পতিরূপে বরণ করতে রাজী হয়ে গেল। সেই বাগানে রম্ভাসুর মহিষীকে নিয়ে লুকিয়ে দিন যাপন করতে লাগল। কিছুদিন পর মহিষী-কন্যা গর্ভবতী হলে, মহিষীকন্যার নিরাপত্তার জন্য নিজের রাজ্য পাতালে নিয়ে যাওয়ার জন্য প্রস্তুত হলো। এমন সময় মহিষ-রাজ্যের এক মহিষ, মহিষ-কন্যাকে দেখতে পেয়ে কামার্ত্ত হয়ে রম্ভ-মহিষীকে আক্রমণ করল। মহিষের সঙ্গে রম্ভের যুদ্ধ হল। ভয়ানক যুদ্ধে রম্ভের মৃত্যু হল। তখন রম্ভ মহিষী কামার্ত্ত মহিষের ভয়ে ভীত হয়ে সেই সুশোভিত বাগানের মালিক যক্ষগণের শরণাপন্ন হল। তখন যক্ষগণের সঙ্গে যুদ্ধে সেই কামার্ত্ত মহিষের মৃত্যু হল এবং মহিষীকে যক্ষগণ রক্ষা করলেন। এবার রম্ভের মৃতদেহ চিতা প্রস্তুত করে দাহ করার ব্যবস্থা করলেন। রম্ভ মহিষী কারো কথা না শুনে সেই চিতায় পুড়ে মরলেন। রম্ভ মহিষী গর্ভবতী ছিলেন এমন সময় সেই চিতা থেকে এক মহাবল দৈত্য মাতৃগর্ভ পরিত্যাগ করে বহির্গত হলো। এই দেখে রম্ভ ও পুত্রের প্রতি বাৎসল্যবশতঃ রূপান্তর ধারণ করে বহির্গত হলো। রূপান্তরিত রম্ভই রক্তাসুর নামে অভিহিত। মহিষের গর্ভ হতে জন্ম বলে মহিষাসুর নামে খ্যাত হলো। পিতার মৃত্যু মহিষ রাজদের জন্য হয়েছে শুনে, সমস্ত মহিষ রাজ্য ধ্বংস করার মনস্থ করলে, মহিষ রাজারা মহিষাসুরের বশ্যতা স্বীকার করে নিল। মহিষাসুর সুমেরু পর্বতে গমন করে অযুতবর্ষ কাল একাগ্রস্তরে ব্রহ্মার তপস্যা করতে লাগলো। এমন তপস্যা করলে যে স্বর্গ-মর্ত্য কাঁপতে লাগল। তখন বাধ্য হয়ে চর্তুমুখ ব্রহ্মা মহিষাসুরকে বর প্রদান করতে হাজির হলেন। ''মহিষাসুর তোমার ইচ্ছা মত বর চাও''। মহিষাসুর ভেবে চিন্তে বললেন যে, ''নারী ছাড়া, দেব দানব, মনুষ্য অথবা যে কোন পুরুষ প্রভৃতির হাতে যেন আমার মৃত্যু না হয়।'' ব্রহ্মা ''তথাস্তু'' বলে অন্তর্হিত হলেন ব্রহ্মার বরে বলীয়ান মহিষাসুর স্বর্গ, মর্ত্য, পাতাল জয় করে নিলেন। অবশেষে পরাভূত দেবগণ ব্রহ্মাকে অগ্রবর্তী করে, শিব ও বিষ্ণুর সমীপে গমন করলেন। বিষ্ণু ও মহাদেব, দেবতাদের কথা শুনে অত্যন্ত ক্রুদ্ধ হলেন। পুরাণ প্রসিদ্ধ কাত্যায়নাশ্রমে দেবতাদের শরীর হতে উৎপন্ন স্বর্গ-মর্ত্য-রসাতল ব্যাপী অনুপম তেজোরাশি একত্র হয়ে এক নারী রূপ দেবতারা দেখতে পেলেন। অন্যান্য দেবগণ কর্ত্তৃক ও বহু অলঙ্কার এবং বহু অস্ত্রাদি দ্বারা সম্পূজিতা হয়ে সেই মহামায়া জগৎ জননী মা দুর্গা বারংবার অট্টহাস্যের সহিত ঘনঘন গর্জন ও হুঙ্কার করতে লাগলেন। মহিষাসুর ''আঃ একি!'' ক্রোধভরে এই কথা বলে অসংখ্য অসুরের সহিত শব্দ লক্ষ্য করে শব্দাভিমুখে ধাবিত হল।

অনন্তর যাঁর তনু কান্তিতে স্বর্গ মর্ত্য পাতাল আলোকিত, যাঁর পদভারে পৃথিবী অবনত, যাঁর মুকুট পৃথিবী স্পর্শ করেছে, যাঁর ধনুকের টঙ্কারে সপ্ত পাতাল আলোড়িত হচ্ছে, যিনি সহস্র হস্তে দশ দিক পরিব্যাপ্ত করে অবস্থিতা সেই দুর্গাদেবীকে মহিষাসুর দেখতে পেল। অনন্তর দেব-দ্বেষী অসুরগণের সহিত দুর্গাদেবীর যুদ্ধ আরম্ভ হলে নানারকম নিক্ষিপ্ত অস্ত্রশস্ত্রে দিক সমূহ উদ্ভাসিত হয়ে উঠল। মহিষাসুরের দুই সেনাপতি চিক্ষুর ও চামর, উদগ্র মহাসুর, মহাহনু, অসিলোমা, বাস্কল, পরিবারিত, বিড়ালাক্ষদের নিক্ষিপ্ত অস্ত্র-শস্ত্র সমূহ অনায়াসেই স্বীয় অস্ত্র বর্ষণ দ্বারা ছিন্নবিছিন্ন করে ভগবতী অসুরদের বধ করলেন। অসুরগণের মধ্যে হস্তী অশ্ব ও অসুর সমূহের রক্তধারা সকল বৃহৎ নদী সমূহের ন্যায় প্রবাহিত হতে লাগল। এইরূপে স্বীয় সৈন্য ক্ষয়

হতে দেখে ক্রোধে মহিষাসুর মহিষরূপ ধারণ করে দেবীর নিঃশ্বাসোৎপন্ন সৈন্যগণকে সন্ত্রস্ত করে তুলল। অনন্তর সেই দেবী সৈন্যগণের কাহাকে কাহাকে মুখের আঘাতে, কাহাকে কাহাকে ক্ষুরের আঘাতে, কতকগুলিকে লেজের আঘাতে, কাহাকে বা শিঙের আঘাতে বিদীর্ণ করে, কাহাকে বা বেগের দ্বারা, কাহাকে গর্জন দ্বারা, কাহাকে ছুটো ছুটির দ্বারা, আবার কাহাকেও বা নিঃশ্বাস দ্বারা ভূমিতে নিপাতিত করল। সেই অসুর এইরূপে দেবীর শিবানুচর সৈন্যগণকে নিপাত করে, দেবীর সিংহকে বধ করবার জন্য ছুটে গেলে দেবী ভগবতী মহামায়া ভীষণ ক্রুদ্ধ হলেন। মহাবল অসুরও ক্রোধে খুর দ্বারা ভূতল বিদীর্ণ করে নিজের সিংদ্বয় দ্বারা উচ্চ পর্বত সকল দেবীর দিকে নিক্ষেপ পূর্বক গর্জন করতে লাগল। এই প্রকারে ক্রোধে স্ফীত প্রজ্জ্বলিত সেই মহাসুরকে আক্রমণের জন্য সবেগে ছুটে আসতে দেখে, দেবী অম্বিকা তাকে বধ করার নিমিত্ত ক্রুদ্ধা হলেন। তারপর দেবী পাশ নিক্ষেপ করে সেই মহাসুরকে বেঁধে ফেললেন। সেই দেবী পাশে মহিষাসুর বাঁধা পড়ে মহিষাকৃতি ত্যাগ করল। তৎক্ষণাৎ সেই মহাসুর সিংহরূপ ধারণ করল। সঙ্গে সঙ্গে মা অম্বিকা তার মস্তক ছেদন করলেন অমনি সে খড়্গধারী পুরুষ রূপে আবির্ভূত হল। দেবী শীঘ্রই খড়্গ ও ঢাল সহিত সেই পুরুষকে বাণ দ্বারা ছেদন করলেন। তখন সে বিশাল হস্তীর রূপ ধারণ করল। মহিষাসুর সেই বিশাল হাতীর রূপ ধারণ করে শুঁড়ের দ্বারা সিংহকে ধরে টানতে টানতে গর্জন করতে লাগল। তা দেখে দেবী খড়্গ দ্বারা তার শুঁড় কেটে ফেলতেই সে আবার মহিষের রূপ ধরে আগের মতই চরাচর সমেত স্বর্গ, মর্ত্য, পাতাল বিক্ষুব্ধ করে তুলল। এতে জগজ্জননী দেবী চণ্ডিকা কুপিত হয়ে বার বার দিব্য সুরাপান করতে লাগলেন এবং আরক্ত নয়নে তাচ্ছিল্য ভাবে অট্টহাস্য করতে লাগলেন। সেই অসুর বল, তেজ ও গর্বে উচ্ছৃঙ্খল হয়ে গর্জন করতে লাগল এবং শৃঙ্গ যুগল দ্বারা দেবী প্রতি পর্বত সকল নিক্ষেপ করতে লাগল। অসুর যে পর্বতগুলি ছুঁড়ে মারছিল দেবী শরদ্বারা চূর্ণ করতে করতে মদ্যপানে অতিশয় রক্তবদনা চণ্ডিকা দেবী বিজড়িত স্বরে মহাসুরকে বললেন — ''রে মূঢ়, যতক্ষণ আমি মধুপান করি ততক্ষণ তুই গর্জন কর। এখানেই আমি তোকে বধ করলে ইন্দ্রাদি দেবগণ ও সকল দেবতারা শীঘ্রই আনন্দ ধ্বনি করবে।'' মেধা ঋষি বললেন, ''দেবী এই বলে লম্ফ প্রদান পূর্বক মহিষাসুরের উপর উঠলেন এবং পা দিয়ে গলা চেপে ধরে তার বক্ষে শূলাঘাত করলেন।'' তারপর সেই অসুর দেবীর পায়ের দৃঢ় আক্রমণের ভীষণ চাপে নিজ মুখ দিয়ে সেই মহিষের অর্দ্ধেকটা বাহির হওয়া মাত্রই দেবীর উগ্রতেজে স্তব্ধ ও বিহ্বল হয়ে গেল। অর্দ্ধেকটা বাহির হওয়া অবস্থাতেই যখন মহাসুর যুদ্ধ করছিল সেই সময় দেবী বিশাল খড়্গ দ্বারা তার মাথা কেটে ফেলতেই সে মাটিতে লুটিয়ে পড়ল। মা দুর্গা কালের সন্ধিক্ষণে নবমী তিথিতে মহিষাসুর বধ করলেন এবং অসুর শক্তিকে পরাজয় করে সুর শক্তির জয় ঘোষণা করলেন। দেবতাদের স্বর্গ রাজ্য ফিরিয়ে দিলেন। দশমীতে হল বিজয়োৎসব। মা হলেন 'বিজয়া'। মহামুনি ঋষি কাত্যায়ণ সেজন্য সপ্তমী, অষ্টমী, নবমী ও দশমী তিথিতে দুর্গা পূজা করেন। ইন্দ্রাদি দেবগণ, স্বর্গস্থিত নারদাদি ঋষিগণের সহিত মা অম্বিকার স্তব করতে লাগলেন। সেই মা মহামায়া আদ্যাশক্তি সন্তুষ্ট হলে মানব জাতি ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ চতুর্বর্গে পরিপূর্ণ হয়। আসুন আমরা সকলে মা দুর্গা, কাত্যায়নীর আরাধনায় ব্রতী হই।

''সর্ব্বমঙ্গল-মঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণী নমোহস্তুতে।।
সৃষ্টি-স্থিতি-বিনাশানাং শক্তিভূতে সনাতনী।
গুণাশ্রয়ে গুণময়ে নারায়ণী নমোহস্তুতে।।
শরণাগত দীনার্ত্ত পরিত্রাণ পরায়নে।
সর্বস্যার্ত্তি হরে দেবী নারায়ণী নমোহস্তুতে।।
শঙ্খ চক্র গদা শার্ঙ্গ গৃহীত পরমায়ুধে।
প্রসীদ বৈষ্ণবী রূপে নারায়ণী নমোহস্তুতে।।''

''ওঁ ঐং হ্রীং ক্লীং চামুণ্ডায়ৈ বিচ্চে।''

—মাতৃ চরণাশ্রিত শ্রীগৌর গোপাল ঘোষ

পরব্রহ্মের স্বরূপ চিৎ বা চৈতন্য। সেই চৈতন্য সত্তাবান ও অস্তিত্বশীল এবং সমস্ত জগতের সত্তা বলিয়া তাহাকে সৎ বলে এবং চৈতন্য আনন্দময় বলিয়া তাহাকে আনন্দ বলে। তাহার শক্তি বা প্রকৃতি ত্রিগুণাত্মিকা—সাত্ত্বিকী, রাজসিকী ও তামসিকী। তিনি রাজসিকী শক্তিকে আশ্রয় করিয়া সৃষ্টি করেন। সত্ত্বিকী-শক্তিকে আশ্রয় করিয়া পালন করেন এবং তামসিকী-শক্তিকে আশ্রয় করিয়া সংহার করেন।

—শ্রীশ্রীভগবান কিশোরী মোহন বন্দ্যোপাধ্যায়

মাতৃ সান্নিধ্যে অত্যাশ্চর্য্য অনুভূতির আলোকে

ইং ২০০০ সালে, প্রথমবার শ্রীশ্রীমা বেনারসে গিয়েছিলেন। সেইবার আমারও সৌভাগ্য হয়েছিল শ্রীশ্রীমায়ের সঙ্গে বেনারস যাবার। সৌভাগ্য বলার কারণ প্রথমতঃ শ্রীশ্রীমায়ের সঙ্গে ভ্রমণের সুযোগ ও দ্বিতীয়তঃ একটি আশ্চর্য্য ঘটনা দর্শনের সাক্ষী হওয়া। বেনারসে আমরা অনেক আশ্রমেই গিয়েছিলাম এবং প্রতিটি আশ্রমেই শ্রীশ্রীমা গান করেছিলেন। একদিন আমারা গিয়েছিলাম শক্তেসগড়ে শ্রীঅড়ঘড়ানন্দজীর আশ্রমে। সেই দিনের ঘটনা সত্যিই ছিল আশ্চর্য্যজনক। শ্রীশ্রীমা আগেই রামচন্দ্রজীকে দিয়ে তাঁর কিছু গানের ক্যাসেট্ শ্রীঅড়ঘড়ানন্দজীর কাছে পাঠিয়ে ছিলেন আর বলতে বলেছিলেন যে শ্রীশ্রীমা একদিন তাঁর আশ্রমে আসবেন। এখানে বলে রাখি, রামচন্দ্রজী আমাদের গুরুভাই ও বেনারসেরই বাসিন্দা। শ্রীশ্রীমা আমাদের ত্রিকালদর্শী, স্বয়ং ভগবতী, সদা হাস্যময়ী, নির্মল কোমল ও বিনীত। প্রতিটি সাধুকে তাঁর পূর্ণ মর্য্যাদা ও সম্মান দেন। এটা আমাদের শিক্ষার বিষয়। অবশ্য শ্রীশ্রীমায়ের সমস্ত আচরণই শিক্ষণীয়।

বেনারসে পৌঁছতেই শ্রীশ্রীমা বলে দিলেন যে প্রতিদিন সকালে আমাদের ক্রিয়া করে নিতে হবে আর যে করবে না সে শ্রীশ্রীমায়ের সাথে কোথাও যেতে পারবে না। তাই আমরা সবাই সকালে উঠেই ক্রিয়া সেরে ফেলতাম। সে দিনও সকালে আমরা ক্রিয়া সেরে রেডি হয়ে শ্রীশ্রীমায়ের সঙ্গে বেরিয়ে পড়লাম শক্তেসগড়ের আশ্রমের উদ্দেশ্যে। আশ্রমটি বেনারস শহরের বাইরে। সেটা ছিল এক রাজার দুর্গ - বিরাট ব্যাপার। গেট থেকে ঢুকলে সামনে এক বিরাট মাঠ সেখানে সামিয়ানা টাঙানো আছে। আমাদের তার পাশ দিয়ে বাঁ দিকে নিয়ে গেল যেখানে যজ্ঞশালা ও সেইখানেই বসতে বললেন। শ্রীশ্রীমাও আমাদের সঙ্গে বসলেন। কিছুক্ষণ পরে একজন শিষ্য বললেন, ''বাবা একটু ব্যস্ত আছেন একটু বাদে ডাকছেন।'' আমরা অপেক্ষা করতে লাগলাম ও অসন্তোষ প্রকাশ করতে লাগলাম। তার প্রধান কারণ শ্রীশ্রীমাকে অপেক্ষা করাচ্ছেন বলে। আমরা অপেক্ষা করতে পারি কিন্তু শ্রীশ্রীমাকে কেন অপেক্ষা করতে হবে। আমরা বলতে লাগলাম শ্রীশ্রীমা তো কোনো সাধু-সন্তকে অপেক্ষা করান না। আমরা যত ক্ষোভ দেখাচ্ছি শ্রীশ্রীমা ততই হাসিমুখে সান্ত্বনা দিয়ে যাচ্ছেন। শ্রীশ্রীমায়ের মধ্যে কোন অসন্তোষের রেশও নেই। সান্ত্বনা দিতে দিতে হঠাৎ শ্রীশ্রীমা বললেন, ''দাঁড়া দেখি উনি কি করছেন'' — এই বলে একটু চুপ করেই বলতে লাগলেন — ''জানিস, উনি দেখছেন আমি কি উদ্দেশ্যে এখানে এসেছি। কিন্তু কিছুই দেখতে পাচ্ছেন না; দেখ্, পাঁচ মিনিটের মধ্যেই ডাকবেন।'' সত্যই ঠিক পাঁচ মিনিটের মধ্যেই একজন শিষ্য এসে বললেন যে ''বাবা মাকে স্মরণ করেছেন।'' শ্রীশ্রীমায়ের সাথে আমরাও duckling-এর মতন চললাম সেই মাঠের দিকে যেখানে সামিয়ানা টাঙানো আছে। দেখলাম শ্রীঅড়ঘড়ানন্দজীও এসে বসেছেন ও শ্রীশ্রীমাকে দেখেই বললেন, ''বাঙ্গাল সে মা আই হ্যায়। বাঙ্গাল কা পরমহংস রামকৃষ্ণ উন্হিকা ধরম পত্নী সারদা মাই আই হ্যায়। মাইকে লিয়ে অলগ্ ব্যায়ঠনে কা জগহ কিয়া হ্যায়, মাইকো সবকে সাথ ব্যায়ঠনে কা নেহি হ্যায়।'' এই বলে তিনি তাঁর ডান দিকের জায়গা যেখানে একটি বড় নতুন বিদেশি গালিচা পাতা সেখানে বসতে বললেন। সেই দিন অড়ঘড়ানন্দজীর প্রবচন ছিল। শ্রীশ্রীমাকে বসতে বলে তিনি মাইকে তাঁর প্রবচন শুরু করলেন। বলতে লাগলেন সাধনা করতে হলে কি রকম কঠিন জীবন যাপন করতে হয়। বনে জঙ্গলে থেকে সাধনা করতে হয়। পূজা করতে হলে কি কি নিয়ম কট্টর ভাবে মানতে হয়। এতে যেন কোন ত্রুটি না হয়। সব রকম কঠিন হতে কঠিনতর নিয়মাবলী বলতে লাগলেন। আমরা সবাই শুনছি আর ভাবছি এই নিরস প্রবচন আর কতক্ষণ চলবে। শ্রীশ্রীমাকে আস্তে করে বলতেই শ্রীশ্রীমা বললেন, ''দাঁড়া আমি মনে মনে বলছি, এক্ষুণি শেষ হবে।'' শ্রীশ্রীমার বলা শেষ হতে না হতেই শ্রীঅড়ঘড়ানন্দজী বলে উঠলেন,



শ্রীঅড়ঘড়ানন্দজী

''বাঙ্গালকা মাই বহুত আচ্ছা গানা গাতি হ্যায় হাম্ উনকা গানা সুনা হ্যায়। আজ মাই হামলোগো কো গানা শুনায়েঙ্গে।'' এই বলাতে শ্রীশ্রীমা হারমোনিয়াম চাইলেন। অড়ঘড়ানন্দজী একজন শিষ্যকে হারমোনিয়াম আনতে আদেশ করলেন ও হারমোনিয়াম এসেও গেল। শ্রীশ্রীমা হারমোনিয়ামের একটা রিড চাপতেই সেটা থেকে প্রায় সাতটা স্বর বের হল। আমরা সব চুপ কিন্তু শ্রীশ্রীমায়ের কোন ভ্রূক্ষেপ নেই তাতে। এখানে একটা কথা বলে রাখি শ্রীশ্রীমাকে হারমোনিয়াম দেওয়া হল কিন্তু মাইক দেওয়া হল না মানে শ্রীশ্রীমাকে মাইক ছাড়াই গান গাইতে হবে। শ্রীশ্রীমা গান শুরু করলেন আর আমরা চোখ বন্ধ করে বসলাম। শ্রীশ্রীমা একের পর এক গান করতে লাগলেন। তখন মনে হতে লাগল যেন সমস্ত জায়গা, আকাশ জুড়ে গান হচ্ছে। মনে হচ্ছিল যেন অনেক মাইকের সামনে গান গাওয়া হচ্ছে আর সেই গানের সঙ্গে সব রকম বাদ্যও বাজছে — তবলা, পাখোয়াজ, সারেঙ্গী, সেতার, খঞ্জনি। সে যে কি অদ্ভুত অনুভূতি ও আনন্দ তা ভাষায় ব্যক্ত করা আমার অসাধ্য। গান হয়েই চলেছে, হয়েই চলেছে। ধীরে ধীরে চোখ খুলতে দেখি শ্রীশ্রীমা গান শেষ করেছেন। কিন্তু তার রেশ ও প্রতিধ্বনি তখনও হয়ে চলেছে সমস্ত মণ্ডপ জুড়ে আর সব্বাই স্তব্ধ! এমন কি অড়ঘড়ানন্দজী পর্যন্ত চুপ। দেখি যে, যে যেভাবে ছিল সে সেই ভাবেই স্থির হয়ে আছে। একজন মাঠের প্রান্তে উবু হয়ে গালে হাত দিয়ে বসে ছিল সে সেই ভাবে চোখ স্থির করে বসে আছে। একজন একটি গরু নিয়ে মাঠের ধারের পথ দিয়ে যাচ্ছিল সেও গরু নিয়ে স্থির ও স্তব্ধ হয়ে দাঁড়িয়ে আছে আর যত ভক্তবৃন্দ এসেছেন, প্রায় দুশো আড়াইশো জন সবার দু-চোখ বেয়ে জল পড়ছে ও তারাও স্তব্ধ। সে এক স্বর্গীয় দৃশ্য ও অনুভূতি। এমন কি অড়ঘড়ানন্দজীও চুপ ও স্থির হয়ে আছেন। খানিক বাদে শ্রীঅড়ঘড়ানন্দজী বলে উঠলেন, ''ম্যায় তো জঙ্গলমে পত্থর অউর লকড়ি মে হী বড়া হুয়া, ইসলিয়ে মুঝমে কোমল ভাব নেহি হ্যায়। লেকিন মা বহুত কোমল হ্যায়, প্যার সে সব করতে হ্যায় ইসলিয়ে প্রেমসে সব কুছ করনা হ্যায়।'' এই বলে ভগবতে বর্ণিত কৃষ্ণের লীলা, রাধার কৃষ্ণের প্রতি ভালবাসা ও আত্মসমপর্ণের ব্যাখ্যা করতে লাগলেন। ব্যাখ্যা শেষ হতে না হতেই যারা তাঁর প্রবচন টেপ করার জন্য এসেছে তাদের জিজ্ঞাসা করলেন, ''মাইকা গানা টেপ কিয়া হ্যায়?'' তাদের উত্তর এলো ''নাহি।'' শুনেই ওদের বললেন, ''তুম লোগ সব বুদ্ধু হ্যায়। গানা টেপ নেহি কিয়া অউর মেরা প্রবচন টেপ করেগা?'' এই বলে ভক্তবৃন্দের দিকে তাকিয়ে বললেন, ''আজ আউর প্রবচন নেহি হোগা।'' এই বলে শ্রীঅড়ঘড়ানন্দজী উঠে গেলেন।

শ্রীশ্রীমা আমাদের পরে বলেছিলেন যে শ্রীশ্রীমায়ের গান শোনার সময় শ্রীঅড়ঘড়ানন্দজী অনেকদিন পর তাঁর গুরুদেবের দর্শন পান ও হৃদয়াকাশ ভেদ হয়ে প্রণব জ্যোতি দর্শন করেন।

— মাতৃচরণাশ্রিতা শ্রীমতী রুমা দে

আশ্রমের আগামী অনুষ্ঠানসূচী

নবরাত্রি দুর্গাপূজা — ১৪ - ২৩শে অক্টোবর
১৮ই অক্টোবর (পঞ্চমী): সন্ধ্যায় নৃত্যানুষ্ঠান
২০শে অক্টোবর (সপ্তমী): সন্ধ্যায় সঙ্গীতানুষ্ঠান
২১শে অক্টোবর (অষ্টমী): শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী বাবার তিরোভাব দিবস উপলক্ষ্যে দ্বিপ্রহরে ভাণ্ডারা
২২শে অক্টোবর (নবমী): দ্বিপ্রহরে শ্রীশ্রীদুর্গাদেবীর মহাপ্রসাদ
কোজাগরী লক্ষ্মীপূজা— ২৬শে অক্টোবর, সোমবার
বার্ষিক সাধারণ সভা — ২২শে নভেম্বর, রবিবার
রাস পূর্ণিমা — ২৫শে নভেম্বর, বুধবার
বার্ষিক শ্রীশ্রীঅন্নপূর্ণা দেবীর প্রতিষ্ঠা পূজা - ২৯শে নভেম্বর, রবিবার
বার্ষিক শ্রীলক্ষ্মীজনার্দ্দনজীউয়ের প্রতিষ্ঠা পূজা - ৩০শে নভেম্বর, সোমবার
আধ্যাত্মিক সভা — ২৫শে ডিসেম্বর, শুক্রবার
শ্রীশ্রীসারদা মায়ের আবির্ভাব তিথি — ১লা জানুয়ারী, ২০১৬ শুক্রবার
শ্রীশ্রীগুরুমহারাজদের মন্দির প্রতিষ্ঠা দিবস — ১৫ই জানুয়ারী, ২০১৬ (মকর সংক্রান্তি)

গুপ্তযোগী ভূপতি মহারাজ

(১২)

শ্রীসুরেন বন্দ্যোপাধ্যায়ের ডায়রী থেকে —

''ওঁ যদাহতস্তদ্ ন দিবা ন রাত্রি ন সৎ ন অসৎ শিব এব কেবলঃ।
তদক্ষরং তৎসবিতুর্বরেণ্যং প্রজ্ঞা চ তস্মাৎ প্রসৃতা পুরাণী।।''

-শ্বেতাশ্বতরোপনিষদ্

—অর্থাৎ যখন অজ্ঞান নিবৃত্ত হয়, তখন দিবা রাত্রি থাকে না, কার্য বা কারণও থাকে না। হে মহাদেব! তখন তুমিই একমাত্র নির্বিকাররূপে অবস্থান কর। তুমি নিত্য তুমি সূর্যেরও বরণীয় পুরুষ, তোমা হতেই অনাদিসিদ্ধা আত্মবিদ্যা প্রকাশিত হয়েছে।

ছিদাম মুদি লেনের নিজের বাড়ীতে, গৃহমধ্যে শ্রীভূপতিনাথ জপ করছেন। একেবারে দিগম্বর, পরিধানের বস্ত্র দূরে পড়ে আছে। বাহ্যবস্তুর চেতনা যাঁর নেই, তাঁর লজ্জা, সঙ্কোচ কোথা হতে আসবে? পায়খানা হতে এসে শৌচের সময়ও তিনি বালকের মতো উলঙ্গ থাকতেন। তাঁর ভাইয়ের ছেলে, মেয়েরা তাঁর দেহ মুছিয়ে দিত। তাঁর সঙ্গে এইপ্রকার ব্যবহারে পরিবারের কারও কোন সঙ্কোচ ছিল না। তিনি যেন ছিলেন বাড়ীর সর্বাপেক্ষা কনিষ্ঠ; সর্বাপেক্ষা প্রিয়তম একজন অবোধ বালক। আশ্চর্যের বিষয় ভক্তবাড়ী বা কলিকাতার রাস্তায় তাঁকে কখনও স্খলিত বসন হতে দেখা যায় নি। সেখানে তিনি সাধারণ বেশধারী ভদ্রলোক, বাক্য ও ব্যবহারে পূর্ণশালীনতা এবং মার্জিত রুচি সম্মত ব্যক্তি।

বিপদকালেও তিনি স্থির, শান্ত, অবিচলিত থাকতেন। রাম নামে তাঁর চার পাঁচ বছরের এক ভ্রাতুষ্পুত্র ছিল। রামের প্রতি তিনি সবিশেষ স্নেহ দেখাতেন। তিনি বলেছিলেন, রাম পূর্বজন্মে তাঁর পরমভক্ত ছিল। একদিন রাম সিঁড়ি হতে পড়ে অজ্ঞান হয়ে যায়। বাড়ীর সকলে চিৎকার করে কান্নাকাটি আরম্ভ করে। শ্রীভূপতিনাথকে দেখলাম, তিনি স্থিরভাবে দাঁড়িয়ে জপ করছেন। কিছুক্ষণ পরে রামের জ্ঞান হল এবং সকলে শান্ত হল। কাকীমা বললেন -''আপনার কি ব্যবহার বট্ঠাকুর, ছেলেটি যায় যায়, আপনি একটু জলও তো তার মুখে দিতে পারতেন।'' পরম স্নেহভরে শ্রীভূপতিনাথ উত্তর দিলেন- ''দেখলে জননী! যেই ভগবানের নামটি করেছি, অমনি তোমার ছেলে বেঁচে গেল। তাঁর নাম করলুম্ বলেই তো তোমার ছেলে বাঁচল!'' রাম ওপর তলায় আসতেই তাকে ব্যস্তভাবে ধরে বলছেন -''দেখ্লি রাম, আর কখনও সিঁড়ির কাছে যাস্নি।''

তার কিছুক্ষণমধ্যে তাঁর চিত্ত ব্রহ্মভাবে লীন হয়ে গেল। বাহ্য জগৎ আছে কি নেই, এই বোধও আর থাকল না। শ্রীশ্রী রামকৃষ্ণকথামৃতে আছে - শ্রীশ্রীরামকৃষ্ণদেব বলছেন - ''একটি মঠের সাধুকে দুষ্ট লোক মেরেছিল - সে অজ্ঞান হয়ে গিছলো। চৈতন্য হলে যখন জিজ্ঞাসা করলে- 'কে তোমাকে দুধ খাওয়াচ্ছে?' সে বলেছিল, 'যিনি আমায় মেরেছেন তিনিই দুধ খাওয়াচ্ছেন'।'' প্রকৃতপক্ষে জীবন্মুক্ত পুরুষের লোকব্যবহার পোড়া দড়ির মতো অসার। দেখতে দড়ির আকার, কিন্তু ফুঁ দিলে উড়ে যায়।

শ্রীভূপতিনাথের ছোট ভাই নগেন্দ্রবাবুর বড় ছেলে গুরুদাস টাইফয়েড্ জ্বরে আক্রান্ত হয়েছিল। রোগীর অন্তিম অবস্থা জেনে ডাক্তার নীরবে উঠে গেল। পুত্রের জীবনের চিহ্নমাত্র নেই দেখে কাকীমা শ্রীভূপতিনাথের পায়ে পড়ে বল্লেন ''বট্ঠাকুর, আপনি থাকতেও কি আমি পুত্রহারা হব?'' শ্রীভূপতিনাথ চমকে উঠলেন, গুরুদাসকে একবার দেখলেন। তারপরেই ঘটল এক আশ্চর্য ব্যাপার। তিনি বাড়ীর ছাদে গিয়ে দাঁড়ালেন, এবং অদৃশ্য লোকজনের সঙ্গে সাধারণ মানুষের সঙ্গে ব্যবহারের ন্যায়, তুমুল বাগ্বিতণ্ডা আরম্ভ করলেন। কখনও অনুনয় করে, কখনও ক্রোধ, কখনও তীব্র ভর্ৎসনা বর্ষণ করলেন। প্রায় একঘন্টা এইভাবে কেটে গেল। তারপর তিনি গুরুদাসের বাবাকে বললেন -''নগেন, গুরুদাসের নাড়ীটা একবার দেখতো।'' নগেন্দ্রবাবু পরম বিস্ময়ে দেখলেন, গুরুদাসের নাড়ী স্বাভাবিক গতিতে চলছে। ডাক্তারকে পুনরায় ডাকা হল। ডাক্তার তো অবাক! চিকিৎসাশাস্ত্রে ব্যাখ্যা পাওয়া যাচ্ছে না। দুই-চার দিনের মধ্যে গুরুদাস সম্পূর্ণ সুস্থ হয়ে উঠল। গুরুদাস আজও জীবিত আছে এবং ৭০ বছর অতিক্রম করেছে।

শ্রীশ্রীভূপতিনাথের অলৌকিক ক্রিয়াকলাপ তাঁর ভক্তদের জীবনে বহুভাবে প্রকটিত হয়েছে এবং আজও হয়ে চলেছে। তিনি কিন্তু এ-বিষয়ে একান্ত উদাসীন ছিলেন। কোনও অহমিকা বা কর্তৃত্বের অভিমান কখনও তিনি প্রকাশ করেন নি। তাঁর ব্যবহারে কোনরকম ঔদ্ধত্য যেমন দেখা যেত না, দীনতার লেশও খুঁজে পাওয়া যেত না। তাঁর দিব্যজীবনে উপরোক্ত ঘটনাবলীর সমাহার আমরা নিত্য প্রত্যক্ষ করেছি এবং ব্রহ্মরূপী পরমেশ্বর জ্ঞানে আরাধনা করতে কখনও দ্বিধা বা সংশয় মনে জাগে নি, এই প্রত্যয় কালক্রমে বরং দৃঢ়তর হয়েছে যে তিনি ছিলেন অতি মহৎ ও পরম ধ্রুব চিৎস্বরূপ।

—শ্রীসজল কান্তি ভট্টাচার্য্য

আধ্যাত্মিক প্রশ্নোত্তরী
(বুদ্ধ পূর্ণিমা,২০১৫)

১) দেহ মধ্যে দশবায়ু প্রধান। তন্মধ্যে পঞ্চপ্রাণ কি কি এবং অন্য আর পাঁচ বায়ু কি কি? দশ বায়ুর কার্য্যকারিতা কি কি?

উ :— পঞ্চপ্রাণ হল - প্রাণ, অপান, সমান, উদান, ব্যান; ইহা ভিন্ন নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় এই পাঁচ বায়ুও প্রধান।

(১) প্রাণ বায়ুর কর্ম বহির্গমন; (শ্বাস-প্রশ্বাস)

(২) অপানের কর্ম অধোগমন; (নিম্নাঙ্গে)

(৩) সমান বায়ুর কর্ম খাওয়া ও পান করা দ্রব্যের সমুন্নয়ন; (নাভিতে থাকে) digestion ইত্যাদি।

(৪) উদানের কর্ম - উর্দ্ধে উন্নয়ন (কণ্ঠের স্থানে)

(৫) ব্যান বায়ুর কর্ম - আকুঞ্চন - প্রসারণ (সারা দেহে)

(৬) নাগের কার্য্য উদ্‌গার - belching eructation (ঢেকুর তোলা)

(৭) কূর্ম্মের কার্য্য উন্মীলন - opening of the eyes

(৮) কৃকরের কার্য্য ফুৎকার - act of blowing out air through the mouth

(৯) দেবদত্তের কার্য্য জৃম্ভন (হাই তোলা) yawning

(১০) ধনঞ্জয় বায়ুর কার্য্য সমস্ত শরীরের সংস্থান সংরক্ষণ এই জন্য জীব মরিয়া যাইলেও ধনঞ্জয় বায়ুকে ত্যাগ করেন না।

২) 'সংযম' কয় প্রকার ও কি কি? তাহাদের বিবরণ দাও।

উ :— 'সংযম' দুই প্রকার - ইন্দ্রিয় সংযম ও আত্মসংযম।

ইন্দ্রিয় সংযম - ইন্দ্রিয় দ্বিবিধ - জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয় - ইহারা মনের সঙ্গে সংযুক্ত। জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয়, তৎসঙ্গে মনের বহির্বিষয় এবং অন্তর্বিষয়ের সংযত অবস্থাকেই 'ইন্দ্রিয় সংযম' বলে।

অনাহত শব্দ বা কূটস্থে জ্যোতিদর্শন অনুভূতি ইত্যাদিকে কেন্দ্র করিয়া মনের সংযম সাধন করিতে করিতে অর্থাৎ প্রাণায়ামাদি ক্রিয়া বহুদিন করিতে করিতে একপ্রকার মনের স্থির অবস্থা হইয়া ক্রিয়ার পরাবস্থা অনুভূত হয়, তাহাকেই 'আত্মসংযম'- অগ্নি বলে; ইহাতে অন্তরিন্দ্রিয় মন, জ্ঞানেন্দ্রিয়, কর্মেন্দ্রিয় ও পঞ্চপ্রাণের সমস্ত ক্রিয়াদি নিরুদ্ধ হয়। তখন প্রজ্ঞার স্ফুরণে 'সর্বং ব্রহ্মময়ং জগৎ' হইয়া যায়। আত্মসংযমে বিষয় বাসনা সমূলে বিনষ্ট হয়।

৩) গীতায় 'প্রভু' এবং 'বিভূ' অবস্থা কি?

উ :— প্রভু - (ঈশ্বর অবস্থা) - জিতেন্দ্রিয় বা বশী (মন ও বুদ্ধির অতিক্রমণীয় অবস্থা) হওয়ার পর সাধক চিত্তক্ষেত্রে উপনীত হয়ে প্রকৃষ্টরূপে স্থিত হন। তখন একমাত্র চিন্তন বৃত্তি বর্তমান থাকে এবং সাধক নিরহংকারত্ব প্রাপ্ত হন। প্রাকৃতিক ২৪ তত্ত্বের মধ্যে এই অবস্থাই চৈতন্যের সর্ব্ব প্রধান অবস্থা। এই অবস্থাকেই 'প্রভু' অর্থাৎ ঈশ্বর বলা হয়। এ অবস্থায় সাধক আর প্রকৃতির অধীনস্থ থাকেন না, প্রকৃতিই তাঁর অধীন হন।

'প্রভু' অবস্থার পরে সাধক 'বিভূ' হন। অর্থাৎ যখন সাধকের বোধ বিশ্বব্যাপী হয়ে তখন চিৎমাত্র শুধু অবশিষ্ট থাকে, এটিই গুণাতীত অবস্থা - শিবপদ। এই অবস্থাই 'বিভূ' অবস্থা। এ অবস্থায় সাধক যোগী মায়াতীত হইয়া সম্বোধিতে নির্বিকল্প নিষ্কৃয় শিবাবস্থা লাভ করেন।

৪) যোগ সাধনায় 'নাভিক্রিয়ার' তাৎপর্য্য কি?

উ :— 'নাভিক্রিয়া' ধ্যানের ক্রিয়া। প্রত্যেকের নাভি মধ্যে ব্রহ্মতেজ সমাহিত থাকে। ধ্যান ও জপের মাধ্যমে সেই তেজকে জাগ্রত করিয়া পিছনে নাভিচক্রের ব্রহ্মচক্রে চৈতন্য ও শক্তির জাগরণ করাই সাধকের উদ্দেশ্য। নাভিকেন্দ্রে দুটি চক্র - সামনে মনিপুর ও পিছনে ব্রহ্মচক্র। পিছনের ব্রহ্মচক্র জাগ্রত না হইলে মূলাধার চক্রকেও পরিপূর্ণভাবে জাগ্রত করা সম্ভব নয়। আর নাভিস্থানে সমানবায়ুকে সমতাধীন করিতে হয়। মূলাধার কেন্দ্রে প্রাণ-অপানের অন্তর্যোগ করিতে করিতে নাভিস্থলে সমান বায়ু সমতা প্রাপ্ত হইয়া কেবলী অবস্থা প্রাপ্ত হয়। যারফলে ব্রহ্মচক্রের সঙ্গে মণিপুরচক্রের সংযোগ স্থাপিত হয়, ব্রহ্মচক্র উন্মীলিত হইয়া যায় এবং যোগী উর্দ্ধরেতঃ হন।

৫.ক) সর্ব্বব্যাপী চেতনার অনুভূতি হয় কোথায়?

উ :— হৃদয়ে।

৫.খ) বিরাট মনের প্রকাশ স্থল কোথায়?

উ :— কূটস্থের গগন গুহায়।

৫.গ) কোন নাড়ী মধ্যে চিত্রবৈচিত্র্যময় বিশ্বের রূপ দর্শন হয়? সেথায় কোন তীর্থের অবস্থান আছে?

উ :— সুষুম্নায় চিত্রা নাড়ীতে চিত্রবৈচিত্র্যময় বিশ্বের রূপ দর্শন হয়। সেথায় 'চিত্রকূট' তীর্থের অবস্থান আছে। আজ্ঞাচক্রের মুক্ত ত্রিবেণীর চিত্রা নাড়ীতে চিত্রকূট তীর্থ আছে।

৫.ঘ) আমাদের দেহকে 'ঘট' বলা হয় কেন আর মন কে 'পট' বলা হয় কেন?

উ :— যাহার মধ্যে নানা প্রকার ঘটনা হয় তাহাই ঘট। শাস্ত্রে বলা হইয়াছে -

দেহমধ্যে প্রাণ-অপান প্রভৃতি বায়ু সকল, নাদ, বিন্দু, জীবাত্মা এবং দশেন্দ্রিয়াদির সহিত পরমাত্মা অবস্থান করিতেছেন। যোগ দ্বারা দেহ মধ্যেই প্রাণ-অপানাদি, পরমাত্মা সহিত মিলিত হয়। সেই জন্যে দেহকে 'ঘট' বলা হয়। যোগ দ্বারা দেহ মধ্যেই ঐ সকলের মিলনরূপ ঘটনা হয়। সেই দেহ মধ্যেই ঘটাকাশ আছে, তাই হল মন। সেখানে মনের দর্পণ আছে, যেখানে বিশ্বের রূপ প্রতিবিম্বিত হয়। সেই মন-দর্পণকেই মানস'পট' বলা হয়।

৫.ঙ) ক্রিয়া করাকালীন কূটস্থের আকাশে যে হীরক সদৃশ অত্যুজ্জ্বল বিন্দু দর্শন হয়, সেটি কি?

উ :— সুষুম্না নাড়ীর ভিতর কেন্দ্র নাড়ী - ব্রহ্মনাড়ী। কূটস্থের গগন মণ্ডলে এই ব্রহ্মনাড়ীর রূপ অত্যুজ্জ্বল হীরক-বিন্দুর আকারে দর্শন হয়। **—শ্রীশ্রীমা সর্বাণী**

আশ্রম সংবাদ

১৮ই জুলাই — শ্রীশ্রীজগন্নাথদেবের রথযাত্রার দিন সন্ধ্যায় আশ্রমে একটি ঘরোয়া অনুষ্ঠানে শ্রীশ্রীমা অপূর্ব কিছু ভজন গান করেন। উপস্থিত ভক্তবৃন্দ ভক্তিভাবে আপ্লুত হৃদয়ে শ্রীশ্রীমায়ের সান্নিধ্যে সন্ধ্যাটি অতিবাহিত করেন।

১৯শে জুলাই — এইদিন সন্ধ্যায় শ্রীশ্রীমায়ের উপস্থিতিতে আশ্রমে শ্রীমতী শ্রবন্তী বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরিন্দম বন্দ্যোপাধ্যায় সঙ্গীত পরিবেশন করেন।

৩১শে জুলাই — গুরুপূর্ণিমার দ্বিপ্রহরে শ্রীশ্রীগুরুমহারাজদের ভোগ নিবেদন ও প্রসাদ বিতরণ অনুষ্ঠানের পর সন্ধ্যায় শ্রীশ্রীমা সমাগত ভক্তমণ্ডলীকে দর্শন দেন ও কিছু শিক্ষামূলক কথা বলেন। এই দিন প্রকাশিত হয় হিরণ্যগর্ভের পূর্ববর্তী সংখ্যাটি ও শ্রীশ্রীমা রচিত 'বাবা রামদেবজীর পবিত্র জীবনকথা' বাংলা পুস্তক ও 'ব্রহ্মাঞ্জলি-২' পুস্তকের হিন্দী অনুবাদ। এরপর একটি সুন্দর সঙ্গীতানুষ্ঠান পরিবেশন করেন আশ্রমের গুরুভ্রাতা ও ভগিনীগণ। পরিশেষে আমাদের গুরুভগিনী শ্রীমতী ব্রততী ব্যানার্জী ও তাঁর সহশিল্পী শ্রীমতী খেয়ালী দস্তিদার একটি শ্রুতি নাটক পরিবেশন করেন।

২৯শে আগষ্ট — এইদিন রাখী পূর্ণিমা উপলক্ষ্যে বহু ভক্তসমাগম হয়। অনেকে শ্রীশ্রীমায়ের হাতে রাখী পরিয়ে দেন। এরপর শ্রীশ্রীমা সহ গুরুভ্রাতা ও ভগিনীরা কিছু শ্রুতিমধুর ভজন পরিবেশন করেন।

৫ই সেপ্টেম্বর — শ্রীকৃষ্ণজন্মাষ্টমী তিথিতে শ্রীশ্রীরাধামাধবের দ্বিপ্রাহরিক ভোগ নিবেদিত হয়। এই পুণ্য তিথিতেই পূজণীয় শ্রীশ্রীবাবার জন্মতিথি। এইদিন সন্ধ্যায় নৃত্য পরিবেশন করেন দুই কনিষ্ঠা সদস্যা ঐশী বসু ও সমাদ্রিতা বসু। এরপর শ্রীশ্রীমা ও গুরুভ্রাতা ও ভগিনীগণ কিছু ভজন পরিবেশন করেন। শ্রীশ্রীমায়ের কণ্ঠের অপূর্ব ভজন গান সকলকে বিমোহিত করে।

২০শে সেপ্টেম্বর — এইদিন আশ্রমে বিকেলে শ্রীশ্রীরামদেব বাবার পূজা হয়। রাজস্থান থেকে আগত ভক্তগণ বিকেল চারটে থেকে রাত দশটা অবধি নামগানের মাধ্যমে শ্রীরামদেব বাবার কথা মাহাত্ম্য বর্ণন করেন।

২৫শে সেপ্টেম্বর — শ্রী সচ্চিন্ত নারায়ণ ঘোষাল মহাশয় এইদিন সকালে আশ্রমে আসেন। তিনি শ্রীশ্রীবাবার এক প্রিয় সন্তান ও সাধক। এইদিন তিনি শ্রীশ্রীমায়ের সাথে দেখা করেন ও সৎসঙ্গ হয়।

২৭শে সেপ্টেম্বর — এইদিন আধ্যাত্মিক সভার ষষ্ঠদশ পর্বে 'ঈশোপনিষদ্' প্রসঙ্গে (দ্বিতীয় ভাগ) অপূর্ব ব্যাখ্যান পরিবেশন করেন গুরুভ্রাতা ডাঃ বরুণ দত্ত।

১২ই অক্টোবর — মহালয়ার দিন বহু ভক্ত আশ্রমে শ্রীশ্রীমায়ের দর্শনলাভের জন্য সমাগত হন।

देवी दुर्गा का रास

श्रीश्रीमाँ सर्वाणी

